Daily Monitoring Report
Directorate of Monitoring, Bangladesh Betar, Dhaka
Agrahayan 18, 1428 Bangla, December 03, 2021 Friday, No. 335, 51st year

# H I G H L I G H T S

Prime Minister Sheikh Hasina urges armed forces to play a leading role in building a developed & prosperous Bangladesh by 2041 - adds, armed forces are constantly being modernized to cope with the world standard. (R. Today: 13)

AL GS says, BNP leaders are saying that it is govt. not law an obstacle for Khaleda Zia to go abroad as they have no confidence in court & law. (R. ABC: 12)

The Information and Broadcasting Minister says, the govt. is making arrangements so that Khaleda Zia gets maximum health care - adds, her treatment will be carried out as BNP wants. (R. Today: 15)

The Foreign Minister says, no flight of Biman Bangladesh Airlines operates in Africa - however, boarding passes won't be issued to those who will come from that country on any other airlines. (R. Today: 13)

BNP GS says, govt. needs to send Khaleda Zia abroad for its own sake because if she suffers any loss, the countrymen won't spare the govt. (R. Tehran: 10, R. Today: 13)

Parbatya Chattagram Jana Sanghati Samiti President says, he thinks after 24 years of signing CHT treaty that he committed crime as he & his party are being identified as terrorists now. (R. Tehran: 10, R. Today: 15)

A Dhaka court awards death penalty to 13 people in a case of beating to death six students at Amin Bazar in Savar 10 years ago - besides, 19 people have been given life imprisonment. (BBC: 5, DW: 11, R. Today: 13)

Prime accused in Cumilla City Corporation councilor Mohammad Sohail & his associate Haripada Saha murder case was killed in an alleged gunfight with police. (BBC: 4)

UN International Organization for Migration reports, Bangladesh ranks 6th in migrant-sending & 8th in remittance-receiving countries in the world. (VOA: 7)

DGHS informs, 3 more persons died of COVID-19 yesterday bringing death tolls to 27,986 - 261 people tested positive taking number of confirmed cases to 15,76,827. (R. Today: 14)

দৈনিক মনিটরিং রিপোর্ট
মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা
অগ্রহায়ণ ১৮, ১৪২৮ বাংলা, ডিসেম্বর ০৩, ২০২১ শুক্রবার, নং-৩৩৫, ৫১ বছর

# শিরোনাম

২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধ বাংলাদেশ গড়তে সশস্ত্র বাহিনীকে অগ্র সৈনিকের ভূমিকা পালনের আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বলেন, বিশ্বের সাথে তাল মিলিয়ে প্রতিনিয়তই সশস্ত্র বাহিনীর আধুনিকায়ন করা হচ্ছে। (রেডিও টুডেঃ ১৩)

আওয়ামী লীগের সাধারণ বলেছেন, আইন আদালতের প্রতি আস্থা নেই বলেই বিএনপি নেতারা খালেদা জিয়ার বিদেশে যাওয়ার বিষয়ে আইন কোনো বাধা নয়, বাধা হচ্ছে সরকার বলে বক্তব্য দিয়ে যাচ্ছেন। (রেডিও এবিসিঃ ১২)

বেগম খালেদা জিয়া যাতে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা পান, সরকার সেই ব্যবস্থা করছে বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী - বলেন, বিএনপি যেভাবে চায় খালেদা জিয়ার চিকিৎসার সেভাবেই হবে। (রেডিও টুডেঃ ১৫)

পররাষ্ট্রমন্ত্রী বলেছেন, আফ্রিকায় বিমান বাংলাদেশ এয়ার লাইন্সের কোনো ফ্লাইট চলাচল করে না। তবে অন্য কোনো এয়ার লাইন্সে দেশটি থেকে যারা আসবে, তাদেরকে বোর্ডিং পাস দেয়া হবে না। (রেডিও টুডেঃ ১৩)

বিএনপি মহাসচিব বলেছেন, সরকারের প্রয়োজনে খালেদা জিয়াকে বিদেশে পাঠানোর দরকার। কারণ তাঁর যদি কোনো ক্ষতি হয়, এ দেশের জনগণ সরকারকে রেহাই দেবে না। (রেডিও তেহরানঃ ১০, রেডিও টুডেঃ ১৩)

পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির সভাপতি বলেছেন, পার্বত্য চট্টগ্রাম চুক্তির ২৪ বছর পর মনে হচ্ছে, চুক্তি করে তিনি অপরাধ করেছেন। কারণ তাকে এবং তার সংগঠনকে এখন সন্ত্রাসী হিসেবে চিহ্নিত করা হচ্ছে। (রেডিও তেহরানঃ ১০, রেডিও টুডেঃ ১৫)

১০ বছর আগে সাভারের আমিন বাজারে ছয় ছাত্রকে পিটিয়ে হত্যা মামলায় ১৩ জনকে মৃত্যুদণ্ড দিয়েছেন ঢাকার একটি আদালত। এছাড়া ১৯ জনকে দেয়া হয়েছে যাবজ্জীবন কারাদণ্ড। (বিবিসিঃ ৫,ডয়চে ভেলেঃ ১১, রেডিও টুডেঃ ১৩)

কুমিল্লা সিটি করপোরেশনের একজন কাউন্সিলন মোহাম্মদ সোহেল ও তার সহযোগী হরিপদ সাহা হত্যা মামলার এক নম্বর আসামী পুলিশের সাথে কথিত বন্দুক যুদ্ধে নিহত। (বিবিসিঃ ৪)

জাতিসংঘের আন্তর্জাতিক অভিবাসন সংস্থার প্রতিবেদন অনুযায়ী অভিবাসী পাঠানোতে বাংলাদেশ বিশ্বে ষষ্ঠ এবং রেমিট্যান্স গ্রহণে অষ্টম। (ভোয়াঃ ৭)

স্বাস্থ্য অধিদফতর গতকাল জানিয়েছে, দেশে করোনাভাইরাসে আরো ৩ জনের মৃত্যুর ফলে মৃতের মোট সংখ্যা দাঁড়িয়েছে ২৭,৯৮৬ জনে, ২৬১ জন নতুন রোগী আক্রান্ত হওয়ায় মোট আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ১৫,৭৬,৮২৭। (রেডিও টুডেঃ ১৪)

# বিবিসি

## খুলনা প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকের মৃত্যুকে কেন্দ্র করে উত্তপ্ত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস

বাংলাদেশে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে একজন শিক্ষকের মৃত্যুর ঘটনাকে কেন্দ্র করে বিশ্ববিদ্যালয়টিতে উত্তপ্ত পরিস্থিতি তৈরি হয়েছে। ছাত্র-শিক্ষকরা আজ মৃত্যুর ঘটনার প্রতিবাদ জানিয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কাছে একটি স্মারকলিপিও জমা দিয়েছেন। আন্দোলনকারী ছাত্রদের অভিযোগ একটি হলের ক্যান্টিন পরিচালনার দায়িত্ব নিয়ে ছাত্রলীগের নেতা-কর্মী মানসিক চাপ সৃষ্টি করায় গত মঙ্গলবার ঐ শিক্ষকের মৃত্যু হয়েছে। এই ঘটনা তদন্তে গঠিত বিশ্ববিদ্যালয়ের এক কমিটি তদন্তে অপারগতা প্রকাশ করেছে। এদিকে আজ বিকেলে বিশ্ববিদ্যালয়টির সিন্ডিকেট জরুরী বৈঠক করেছে। এই নিয়ে বিস্তারিত খবর জানাতে বিবিসির ঢাকা স্টুডিও থেকে আমাদের সঙ্গে এখন সরাসরি যোগ দিচ্ছেন সংবাদদাতা কাদির কল্লোল।

বিবিসিঃ খুলনা প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকের মৃত্যুর ঘটনায় ছাত্র-শিক্ষকরা কর্তৃপক্ষের কাছে যে স্মারকলিপি দিয়েছেন আজকে তারা কি বলছেন।

মি. কাদিরঃ তারা আসলে এই মৃত্যুর ঘটনাটিকে অস্বাভাবিক মৃত্যুর ঘটনা বলে দাবি করছেন। বিশ্ববিদ্যালয়টির ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক ড. মোহাম্মদ সেলিম হোসেনের মৃত্যু হয় গত মঙ্গলবার রাতে। সেই মঙ্গলবার রাত থেকেই ওই বিভাগের শিক্ষার্থীরা ক্যাম্পাসে প্রতিবাদ করছেন। তাদের কয়েকজনের সাথে আমি কথা বলেছি। তারা অভিযোগ তুলেছেন যে ছাত্রদের একটি আবাসিক হলের ক্যান্টিনের পরিচালনার দায়িত্ব কাকে দেয়া হবে সেই আবাসিক হলের প্রভোস্টের দায়িত্ব এই শিক্ষক কিছুদিন আগে পেয়েছিলেন। সেই পরিচালনার দায়িত্ব কাকে দেওয়া সেই ইস্যুতে ছাত্রলীগের কিছু নেতাকর্মী ঐ শিক্ষকের উপর মানসিক চাপ সৃষ্টি করেছিলেন সে কারণে স্ট্রোক করে এই শিক্ষকের মৃত্যু হয়েছে।

আজ শিক্ষার্থীরা উপাচার্যের কাছে যে স্মারকলিপি দিয়েছেন তাতেও তারা এই অভিযোগ এনেছেন। তারা তাতে ঘটনার একটি বিবরণ দিয়েছেন। সেই বিবরণে তারা বলেছেন যে মঙ্গলবার দুপুরে শিক্ষক ডক্টর সেলিম হোসেন নিজের বিভাগ থেকে বাসায় ফিরছিলাম তখন বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের একজন নেতার নেতৃত্বে প্রায় ৪০জন বাসার কাছ থেকে ঐ শিক্ষককে আবার তার বিভাগের অফিসে নিয়ে আসেন। সেই অফিস কক্ষে দীর্ঘসময় ৪০জনের দলটি উত্তেজনাকর পরিস্থিতি তৈরি করে রেখেছিল। এরপর বিকেলে বাসায় ফিরে চাপ সামলাতে না পেরে ওই শিক্ষক স্ট্রোক করে মারা যান। আন্দোলনকারী শিক্ষার্থীরা তাদের স্মারকলিপিতে এই অভিযোগ করেছেন।

বিশ্ববিদ্যালয়টির শিক্ষক সমিতির নেতারাও অভিযোগ করেছেন যে যারা ঐ শিক্ষককে রাস্তা থেকে অফিসে এনেছেন এবং কক্ষে উত্তপ্ত পরিবেশ তৈরি করেছিলেন এর সিসিটিভির ফুটেজ তারা দেখেছেন। তারা একটি ছাত্র সংগঠনের সাথে জড়িত বলে তারা নিশ্চিত করেছেন। সেজন্য শিক্ষক সমিতি বিশ্ববিদ্যালয়ে ছাত্ররাজনীতি নিষিদ্ধ করার দাবিও তুলেছেন।

বিবিসিঃ বিশ্ববিদ্যালয় যে তদন্ত কমিটি গঠন করেছিল সেটি কেন কাজ করতে অপারগতা প্রকাশ করেছে?

মি. কাদিরঃ আসলে এই মৃত্যুর ঘটনাটা নিয়ে বিভিন্ন অভিযোগ করা হচ্ছে কিন্তু এখনো পর্যন্ত কোনো মামলা হয়নি কোন পক্ষ থেকে। তবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ একটি তদন্ত কমিটি গঠন করেছে। আমি তদন্ত কমিটির একাধিক সদস্যের সাথে কথা বলেছি। তারা শুধু অপারগতা প্রকাশের বিষয়টি নিশ্চিত করেছেন। এর বাইরে আর কিছু বলেননি। তবে আন্দোলনকারী একজন শিক্ষক বলেছেন যে তদন্ত কমিটি ভয় বা চাপের কারণে তদন্ত থেকে সরে গেছে এমনটা তারা মনে করছেন। তবে কর্তৃপক্ষ থেকে এ বিষয়টিতে কোনো বক্তব্য পাওয়া যায়নি।

বিবিসিঃ যেসব অভিযোগ উঠেছে সে সম্পর্কে ছাত্রলীগের বক্তব্য কি জানা যাচ্ছে?

মি. কাদিরঃ বিশ্ববিদ্যালয়টির ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাদমান নাহিয়ান সেজানের সাথে কথা বলছি। কিন্ত তিনি তাদের বিরুদ্ধে যেসব অভিযোগ আনা হয়েছে তা অস্বীকার করেছেন। তিনি দাবি করেন যে ঐ শিক্ষকের সঙ্গে আগে থেকে তাদের বসার কথা ছিল সেই অনুযায়ী তারা গিয়েছিলেন এবং তারা কথাবার্তা বলেছেন। কিন্তু ঐ শিক্ষককে যে রাস্তা থেকে তার ডিপার্টমেন্টে নিয়ে যাওয়া হয়েছে সে বিষয়ে পরিষ্কার কোন বক্তব্য তার কাছ থেকে পাওয়া যায়নি।

বিবিসিঃ এই বিষয়টি নিয়ে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট জরুরী বৈঠক করেছে তাতে কোনো সিদ্ধান্ত হয়েছে, জানা যাচ্ছে কিছু?

মি. কাদিরঃ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিকেল চারটা থেকে দুই ঘণ্টা ধরে সিন্ডিকেটের বৈঠক করেছেন। বৈঠকে কর্তৃপক্ষের কক্ষ বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার আমাকে বলেছেন যে সিন্ডিকেটে সার্বিক পরিস্থিতি নিয়ে তারা তারা বৈঠকে বসেছেন বৈঠকে আলোচনা করেছেন বৈঠকের পরে বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার আনিসুর রহমানের সঙ্গে আমি কথা বলেছি তিনি বলেছেন দেশের সার্বিক পরিস্থিতি নিয়ে আলোচনা করেছেন। তবে এখনও এই বৈঠকে কোনো সিদ্ধান্ত হয়নি। তারা এই বৈঠক মুলতবি করেছেন। তারা আগামীকাল আবার বৈঠকে বসবেন। এই বৈঠকের পর উপাচার্য আবার

শিক্ষক সমিতির নেতাদের নিয়ে একটি বৈঠকে বসেছেন এটুকু জানাগেছে। তবে সিন্ডিকেট থেকে আজ কোনো সিদ্ধান্ত আসেনি এটাই বলা হচ্ছে। (বিবিসিঃ ১৯:৩০ ঘ. ০২/১২/২১ এলিনা/কোহিনূর)

**বঙ্গোপসাগরে সৃষ্ট জাওয়াদ ঘূর্ণিঝড়টি ভারতের পূর্ব উপকুলে আছড়ে পড়তে পারে আগামী শনিবার**

বঙ্গোপসাগরে তৈরি হওয়া একটি নিম্নচাপ ধীরে ধীরে ঘূর্ণিঝড়ে পরিণত হচ্ছে। জাওয়াদ নামের সাইক্লোনটি আগামী শনিবার সকালের দিকে ভারতের পূর্ব উপকুলে আছড়ে পড়তে পারে বলে আবহাওয়া বিজ্ঞান দপ্তর জানিয়েছে। ধারণা করা হচ্ছে অন্ধ্রপ্রদেশ এবং উড়িষ্যার উপকুলে এটি স্থলভাগ অতিক্রম করবে। শুক্রবার রাত থেকে এটি অন্ধ্রপ্রদেশ উড়িষ্যা এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গে ভারী থেকে অতিভারী বৃষ্টি আর ঝড়োহাওয়া বইতে পারে।
(বিবিসিঃ ১৯:৩০ ঘ. ০২/১২/২১ এলিনা/কোহিনূর)

**কুমিল্লায় কাউন্সিলর সোহেল হত্যা মামলার প্রধান আসামি পুলিশের সাথে কথিত বন্দুক যুদ্ধে নিহত**

বাংলাদেশের কুমিল্লা সিটি কর্পোরেশনের একজন কাউন্সিলর সৈয়দ মোঃ সোহেল ও তার সহযোগী হরিপদ সাহা হত্যা মামলার এক নম্বর আসামি গতকাল মধ্যরাতে পুলিশের সাথে কথিত বন্দুকযুদ্ধে নিহত হয়েছে। এ নিয়ে এ মামলার শীর্ষ ৫জন আসামির মধ্যে তিনজনই বন্দুকযুদ্ধে মারা গেল। অন্যদিকে আজই মামলার আরও একজন আসামিকে আটক করেছে পুলিশ। আসামিদের গ্রেপ্তারের আগে বা পরে এ ধরনের বন্দুকযুদ্ধের অভিযুক্তদের মৃত্যু হলে মামলা প্রমাণ করার কাজটা কতটা জটিল হতে পারে।এ নিয়ে ঢাকা থেকে সংবাদদাতা রাকিব হাসনাতের প্রতিবেদন।

কুমিল্লায় ওয়ার্ড কাউন্সিলর সৈয়দ মোঃ সোহেল ও তার সহযোগী হরিপদ সাহা হত্যা মামলার প্রধান আসামি শাহ আলম বুধবার রাতে পুলিশের সাথে কথিত বন্দুকযুদ্ধে নিহত হওয়ার পর এ নিয়ে এ মামলার গুরুত্বপূর্ণ ৩জন আসামির প্রায় একই কায়দায় মৃত্যু হলো।

কুমিল্লার কোতোয়ালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আনোয়ারুল আজিম বলছেন গোপন সূত্রে খবর পেয়ে একদল দুষ্কৃতিকারীকে ধরতে পুলিশ মধ্যরাতে অভিযান চালিয়ে ছিল। তবে শাহ আলম সেখানে ছিল এটি আগে তাদের জানা ছিল না (স্বকণ্ঠে): দুস্কৃতিকারীরা সেখানে অবস্থান করছিল এ সংবাদে পুলিশে সেখানে যায়। পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানো শুরু করে এবং এলোপাথারি গুলি ছুড়ে। পুলিশও আত্মরক্ষার্থে গুলি ছুড়ে দুস্কৃতিকারীরা সবাই পালিয়ে যায়। ঘটনাস্থল থেকে একজন গুলিবিদ্ধ দুস্কৃতিকারীকে উদ্ধার করা হয়। লোকজন পরে এসে সনাক্ত করে এই ব্যক্তির নাম শাহ আলম। ঘটনাস্থল থেকে একটি বিদেশি পিস্তল উদ্ধার করা হয়েছে। পরবর্তীতে রেকর্ড থেকে দেখা যায় যে কাউন্সিলর হত্যা মামলার একজন আসামী। এর আগে গত সোমবার রাতে ঐ মামলার আসামি সাব্বির হোসেন ও সাজন একই কায়দায় নিহত হয়েছিল বলে পুলিশ জানিয়েছে।

গত ২২শে নভেম্বর কাউন্সিলর কার্যালয় অপরাধীদের গুলিতে কাউন্সিলর সৈয়দ মোঃ সোহেল ও তার সহযোগী হরিপদ সাহা গুলিবিদ্ধ হয়ে পড়ে মারা যান। এ ঘটনায় তার ভাই সৈয়দ মোঃ রুমন বাদী হয়ে ১১জনের নাম উল্লেখ করে অজ্ঞাত আরও কয়েকজনের বিরুদ্ধে মামলা করেন যাতে শাহ আলমকে এক নম্বর আসামি হিসেবে রাখা হয়েছিল। সৈয়দ মোঃ রুমন বিবিসিকে বলেছেন তার ভাই গুলিবিদ্ধ হওয়ার পর পুলিশ ও গণমাধ্যমকে শাহ আলমের নাম জানিয়েছিল। কিন্তু মামলার আসামিদের এভাবে বন্দুকযুদ্ধে নিহত হবার কারণে মামলা দুর্বল হচ্ছে কিনা বা বিচারের ক্ষেত্রে মামলার গুরুত্ব হারিয়ে যাওয়ার শঙ্কা থাকে কিনা এমন প্রশ্নের জবাবে তিনি বলেন যে পুলিশের সাথে বন্দুকযুদ্ধে নিহত হওয়াকেই তিনি বিচার মনে করছেন (স্বকণ্ঠে): প্রথম ভাইকে গুলি করে শাহ আলম। এলাকার মানুষও ছিল। ভাইও পুলিশ প্রশাসনকে শাহ আলমের নাম বলে গিয়েছে।

বিবিসিঃ কালকে রাতে বন্দুক যুদ্ধে যিনি নিহত হয়েছেন বলে পুলিশ বলছেন তিনিই কি সেই শাহ আলম।

মি. রুমনঃ উনিই সেই শাহ আলম এবং এক নং আসামী।

বিবিসিঃ এ মামলার আসামিরা এভাবে একের পর এক বন্দুকযুদ্ধে নিহত হলে বিচারের সুযোগ কি আর থাকবে।

মি. রুমনঃ তারা অপরাধের সাথে জড়িত ছিল। বন্দুক যুদ্ধে তারা নিহত হয়েছে। এটাও বিচার কিন্তু এটি তো আদালতে বিচার হওয়ার কথা। সেটি এখন কিভাবে হবে জানতে চাইলে মি. রুমন বলেন পুলিশ নিশ্চয়ই তদন্ত করে ব্যবস্থা নিয়েছে। তবে এ ঘটনার পর থেকে পলাতক থাকা শাহ আলম বা তার পরিবারের পক্ষ থেকে এ বিষয়ে কোনো বক্তব্য আসেনি। বাংলাদেশে মামলার আসামিদের কথিত বন্দুকযুদ্ধ বা ক্রসফায়ারে নিহত হবার ঘটনা নতুন কিছু নয়। অনেক আলোচিত ঘটনাতেও প্রধান কিংবা আলোচিত অভিযুক্তদের মৃত্যুর পর কথিত বন্দুকযুদ্ধের প্রায় একই ধরনের বর্ণনা এসেছে বিভিন্ন সময়ে।

আইন ও সালিশ কেন্দ্রের হিসেবে চলতি বছরের জানুয়ারি থেকে অক্টোবর পর্যন্ত অন্তত ৩৬জন বিভিন্ন মামলার আসামী গ্রেফতারের আগেই কথিত বন্দুকযুদ্ধ বা ক্রসফায়ারে নিহত হয়েছে। এখন কুমিল্লার ওয়ার্ড কাউন্সিলর হত্যার ঘটনায় দায়ের করা মামলার আসামিদের মধ্যে গুরুত্বপূর্ণ তিনজনের একই কায়দায় মৃত্যুর পর এ সংক্রান্ত মামলাটি গুরুত্বহীন হয়ে পড়বে বলে মনে করছেন মানবাধিকার সংগঠক সুলতানা কামাল (স্বকণ্ঠে): যখন কোন না কোন কারণে সরকার বা বিচার কার্যের সাথে জড়িত মনে করেন এটার বিচার করা কঠিত হয়ে যাবে সেখানেই কিন্তু অভিযুক্ত আসামির বন্দুক

যুদ্ধে নিহত হওয়ার ঘটনা দেখা যায়। অভিযুক্তরা আসামিরা যেহেতু পৃথিবীতেই নেই তাহলে অবশ্যই মামলাটি অনেক হাল্কা হয়ে যাবে। মামলার বিচার সুষ্ঠ হবে কিনা সেব্যাপারে সন্দেহ পোষণের যথেষ্ট কারণ রয়েছে।

২০২০ সালের ৩১শে জুলাই কক্সবাজারে সাবেক সেনা কর্মকর্তা সিনহা মোহাম্মদ রাশেদ খান গুলিতে নিহত হবার পর কথিত বন্দুকযুদ্ধে নিহত হওয়ার ঘটনা কমে এসেছিল। ঐ ঘটনার পরের পাঁচ মাসে মাত্র পাঁচটি বন্দুকযুদ্ধের ঘটনার খবর এসেছিল। কিন্তু সাম্প্রতিক সময়ে আবার কথিত ক্রসফায়ার ও বন্দুকযুদ্ধে নিহত হওয়ার ঘটনা যেভাবে বাড়ছে সেটিকে উদ্বেগজনক বলে মনে করছে মানবাধিকার সংগঠনগুলো। (বিবিসিঃ ১৯:৩০ ঘ. ০২/১২/২১ রিহাব/কোহিনূর)

## ঢাকায় ১০ বছর আগের গণপিটুনী ৬ ছাত্রের হত্যার রায়ে আদালত ১৩জনকে মৃত্যুদণ্ড দিয়েছে

বাংলাদেশে ১০ বছর আগে ঢাকায় গণপিটুনীতে ৬জন ছাত্রকে হত্যার দায়ে আদালত আজ ১৩ ব্যক্তিকে মৃত্যুদণ্ড দিয়েছে। এছাড়া মামলায় অভিযুক্তদের মধ্যে আরও ১৯জনকে যাবজ্জীবন কারাদণ্ড দেয়া হয়েছে। এর বাইরে অভিযুক্তদের মধ্য থেকে খালাস পেয়েছেন ২৫জন। ২০১১ সালে ঢাকার উপকণ্ঠে আমিন বাজারে ওই ৬ ছাত্রকে পিটিয়ে হত্যা করা হয়েছিল। কি ঘটেছিল সেদিন? জানতে চেয়েছিলাম সংবাদদাতা নাগীব বাজারকে।

মি. নাগীবঃ ১০ বছর আগে ২০১১ সালের ১৭ই জুলাই সেদিন শবে বরাত ছিল। ঢাকার কাছে আমিন বাজারে প্রায় রাত দুটোর পরে ঘটনাটা ঘটে। স্থানীয় ৬জন স্কুল এবং কলেজের শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়েরও একজন ছিলেন। এরকম ৭জন শিক্ষার্থী তারা আমিন বাসারে গিয়েছিলেন এবং সেখানে প্রথমত অভিযোগ ওঠে যে ডাকাতি হচ্ছে গ্রামে বা এলাকায় এরকম অভিযোগে গণপিটুনীতে তাদের মধ্যে ৬জন মারা যায়। পরের দিন সকালে খবরটা পাওয়া যায় প্রথমে। তারা গণপিটুনীর শিকার হয়েছে এবং পরবর্তীতে তারা মারা যায়।

প্রথমে বলা হচ্ছিল যে ডাকাত সন্দেহে শিক্ষার্থীদের গণপিটুনী দেয়া হয়েছে এবং তারপরে যারা ছিলেন তাদের মধ্যে কয়েকজন মারা গিয়েছেন। পরে জানা যায় যে সেখানে ৭জন ছিলেন এবং ৭জনের মধ্যে ৬জন মারা গিয়েছিল। ওই ঘটনার প্রাথমিক তদন্ত করে পুলিশ এবং পরবর্তীতে পুলিশের উচ্চ পর্যায়ে থেকে একটি কমিটি গঠন করা হয় যারা এই ঘটনার তদন্ত শুরু করে। শুরু থেকেই পুলিশের যে ভূমিকা পুরো ঘটনায় পুলিশের ভূমিকাটা নিয়ে বেশ কিছু সমালোচনা ছিল এবং প্রশ্ন ওঠে। পরবর্তীতে পুলিশের কাছ থেকে তদন্তের দায়িত্ব দেয়া হয় বিচারবিভাগীয় একটি তদন্ত কমিটি গঠন করা হয়। ১ সদস্যের বিচার বিভাগীয় তদন্ত কমিটি। তদন্ত কমিটি মত দেয় যে সেই ছাত্ররা নিরাপরাধ ছিলেন এবং এই মামলায় পুরো প্রক্রিয়া পুলিশের ভূমিকা নিয়ে সেই তদন্ত কমিটি প্রশ্ন তুলেছিল।

বিবিসি: গণপিটুনীতে যে ৬জন ছাত্র নিহত হয়েছিল আজ আদালতের রায়ের পর তাদের স্বজনেরা কি বলেছেন?

মি. নাগীবঃ রায়ের পরে আদালতে যে ৬জন নিহত হয়েছে তাদের বেশ কয়েকজনের পরিবারের সদস্যরাই সেখানে ছিলেন। একজনের সাথে আমার কথা হয়েছিল তিনি হচ্ছে কম বয়সী যেই ছাত্র তার বয়স ১৭। তিনি ম্যাপল লিপস স্কুলের একজন ছাত্র। তার মা এবং তার একজন আত্মীয় সেখানে ছিলেন। তার মা বলছিলেন যে তিনি রায়ে খুশি, এতদিন ১০ বছর কেঁদেছেন তার সন্তানের দুঃখে এবং আজকে যখন আদালত থেকে আসামীদের বের করে নিয়ে আসা হচ্ছিল তখন তাদের চোখে কান্না দেখে তিনি বলছিলেন যে আজকে এতদিন পরে কিছুটা হলেও শান্তি পাচ্ছি। কারণ আমি এতদিন কেঁদেছি আমি এই দিনের জন্য অপেক্ষা করছিলাম।

বিবিসিঃ ২০১১ সালের ওই ঘটনার পরে দুটি মামলা হয়েছিল বলে আমার মনে পড়ে। একটি করেছিল পুলিশ এবং অন্যটি করেছিলেন স্থানীয় একজন বালু ব্যবসায়ী। সেই দ্বিতীয় মামলাটির কি হয়েছিল?

মি. নাগীবঃ দ্বিতীয় যে মামলাটির কথা আপনি বললেন যে, স্থানীয় একজন বালু ব্যবসায়ী তিনি একটি ডাকাতি মামলা করেছিলেন এবং সেটার আসামী করেছিলেন যে ৬ ছাত্র মারা গিয়েছিল এবং যে আর একজন উপস্থিত ছিল ৭জন ছাত্র। কিন্তু পরবর্তীতে র‍্যাব যে তদন্ত প্রতিবেদন জমা দেয় ২০১৩ সালে ৬০জনকে অভিযুক্ত করে পরবর্তীতে উঠে আসে সেই যে স্থানীয় বালু ব্যবসায়ী তিনি আসলে পুরো বিষয়টা র‍্যাবের অভিযোগ পত্রে যেটা আছে যে তিনি পুরো ব্যাপারটার হোতা এবং তিনি উস্কানিটার সামনে ছিলেন এবং আজকে আদালত যে ১৬জনকে মৃত্যুদণ্ড দিয়েছে তার মধ্যে প্রধান আসামী তিনিও মৃত্যুদণ্ড পেয়েছেন। অর্থাৎ ওই দ্বিতীয় মামলার বাদী তিনি পরবর্তীতে র‍্যাবের অভিযোগ পত্রে প্রধান আসামী হিসেবে বিবেচিত হন এবং তিনি আজ মৃত্যুদণ্ডের শাস্তি পেয়েছেন।

(বিবিসি: ২২৩০ ঘ. ০২.১২.২০২১ রুবাইয়া ও আশরাফ)

## স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে সারাদেশের মানুষকে নিয়ে একটি গণশপথ অনুষ্ঠান করবেন শেখ হাসিনা

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের বিজয়ের সুবর্ণজয়ন্তীতে আগামী ১৬ই ডিসেম্বর প্রধানমন্ত্রী শেখ হাসিনা সারাদেশের মানুষকে নিয়ে একটি গণশপথ অনুষ্ঠান পরিচালনা করবেন। আজ সরকারের উচ্চ পর্যায়ের এক বৈঠক থেকে একথা জানানো হয়েছে। স্বাধীনতার ৫০ বছর এবং বাংলাদেশের প্রতিষ্ঠাতা রাষ্ট্রপতি শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে আওয়ামী লীগ সরকার গত বছরের মার্চ থেকে ব্যাপক কর্মসূচী হাতে নিয়েছিল। কিন্তু করোনাভাইরাস মহামারির কারণে সেই কর্মসূচীতে বেশ কাটছাট করা হয়। বিস্তারিত সংবাদদাতা কাদির কল্লোলের প্রতিবেদনেঃ

মুক্তিযুদ্ধের বিজয়ের দিন ১৬ই ডিসেম্বর থেকে দুই দিনের কর্মসূচী আজ ঘোষনা করা হয়েছে সরকারের পক্ষ থেকে। প্রথম দিনে বিকেল ৫টায় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় আলোচনা অনুষ্ঠানে অংশ নেবেন ভারতের রাষ্ট্রপতি রামনাথ, অনুষ্ঠানে বাংলাদেশের রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী উপস্থিত থাকবেন। পরদিনও একই জায়গায় আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। তবে এই দুই দিনের কর্মসূচীর মধ্যে ভিন্ন ধরনের এক কর্মসূচীও নেয়া হয়েছে। সেটি হচ্ছে ১৬ই ডিসেম্বর বিকেল ৪টায় সংসদ ভবনের দক্ষিণ প্লাজা থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সারাদেশের মানুষকে নিয়ে এক গণশপথ অনুষ্ঠান পরিচালনা করবেন।

শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপনের জন্য যে জাতীয় কমিটি গঠন করা হয়েছিল সেই কমিটি আজ স্বরাষ্ট্র মন্ত্রীসহ ওই মন্ত্রণালয়ের কর্মকর্তাদের নিয়ে একটি বৈঠকে গনশপথ অনুষ্ঠানসহ দুই দিনের কর্মসূচী নিয়েছে। ওই জাতীয় কমিটির প্রধান সমন্বয়ক কামাল আব্দুল নাসের চৌধুরী বলেছেন, সারাদেশের মানুষকে নিয়ে প্রধানমত্রী যে গণশপথের অনুষ্ঠান পরিচালনা করবেন সেই শপথের বাক্য চূড়ান্ত করার ব্যাপারে তারা এখনো কাজ করছেন। (স্বকণ্ঠে): আগামী ১৬ই ডিসেম্বর আমাদের বিজয়ের সুবর্ণজয়ন্তীতে আমরা যে আমাদের প্রোগ্রামটা সাজাচ্ছি এটা জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় অনুষ্ঠিত হবে। সেটার বিবিধ বিষয় নিয়ে আমরা আজকে এসেছিলাম। আমাদের একটা পরিকল্পনা ভেতরে আছে যে মাননীয় প্রধানমন্ত্রী দেশবাসীকে নিয়ে একটা শপথ পাঠ করবেন। এটিই আমরা বলেছি এবং আমরা পরবর্তীতে এ বিষয়ে আরও বিশদ কাভার করতে পারবো।

তিনি আরও জানিয়েছেন, বিজয়ের ৫০ বছর এবং মুজিব শতবর্ষ যে ঘোষণা করা হয়েছিল এই দুটি বিষয়কে কেন্দ্র করেই তারা এই দুই দিনের কর্মসূচী সাজিয়েছেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা জানিয়েছেন দুদিনের অনুষ্ঠানে যারা যোগ দেবেন তাদের প্রত্যেকেই করোনাভাইরাসের পরীক্ষার রিপোর্ট নিয়ে আসতে হবে। এছাড়া কঠোর স্বাস্থ্য বিধি অনুসরণ করতে হবে। এবার ১৬ই ডিসেম্বরে ঢাকায় জাতীয় প্যারেড স্কয়ারে কুচকাওয়াজ ও ব্যাপক আকারে অনুষ্ঠিত হবে। বিভিন্ন দেশ থেকে দল এই কুচকাওয়াজে অংশ নেবে।

(বিবিসি: ২২৩০ ঘ. ০২.১২.২০২১ রুবাইয়া ও আশরাফ)

## ভয়েস অফ আমেরিকা

### ওমিক্রন ধরা পড়েছে এমন দেশগুলো থেকে বাংলাদেশে প্রবেশের ক্ষেত্রে নতুন নিয়ম

আফ্রিকা মহাদেশের দেশগুলোসহ ওমিক্রন ধরা পড়েছে এমন সব দেশ থেকে বাংলাদেশে আসার ক্ষেত্রে নতুন নিয়ম চালু করা হচ্ছে। এখন থেকে এসব দেশ থেকে আসার ৪৮ ঘণ্টা আগে করোনা ভাইরাসের নমুনা পরীক্ষার 'নেগেটিভ' সনদ সঙ্গে নিয়ে আসতে হবে। এ বিষয়ে আন্তর্জাতিক বিমানবন্দর ও সংশ্লিষ্ট দপ্তরগুলোতে নির্দেশনা পাঠিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। বুধবার স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক এই তথ্য জানিয়ে বলেছেন, কোনো দেশে ওমিক্রন সংক্রমণ বেশি ছড়িয়ে পড়লে প্রয়োজনে নতুন সিদ্ধান্ত নেয়া হবে।

রাজধানীর বিসিপিএস মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠান শেষে মন্ত্রী সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, আফ্রিকা থেকে আসা যাত্রীদের বাধ্যতামূলকভাবে ১৪ দিনের কোয়ারেন্টিনের ব্যবস্থা করতে বলা হয়েছে। একইসঙ্গে তাদেরকে ৪৮ ঘণ্টা আগের করোনার আরটি পিসিআর টেস্ট করে 'নেগেটিভ' সনদ নিয়ে আসতে হবে। এছাড়া, অন্য দেশগুলো থেকে করোনা টেস্ট ছাড়া যদি কেউ আসে তাদেরকে অবশ্যই বাধ্যতামূলক প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিনে যেতে হবে। আমরা এসব সিদ্ধান্ত নিয়েছি। প্রবাসী বাংলাদেশিদের ক্ষেত্রেও এ নিয়ম প্রযোজ্য হবে।

বর্তমানে বিদেশ থেকে বাংলাদেশে আসতে যাত্রার আগের ৭২ ঘণ্টার মধ্যে করোনা পরীক্ষার সনদ নিয়ে আসার বাধ্যবাধকতা রয়েছে। আফ্রিকার দেশ এবং ওমিক্রন সনাক্ত হয়েছে এমন দেশ ছাড়া অন্য সব দেশের ক্ষেত্রে এই নিয়মই কার্যকর থাকবে।

বিদেশফেরত যাত্রীদের আগে হোটেল কোয়ারেন্টিন বাধ্যতামূলক থাকায় যেসব হোটেল ব্যবহার করা হয়েছিল করোনা কমে আসায় সেগুলো স্বাভাবিক কার্যক্রমে ফিরে গেছে। এখন প্রয়োজনে এসব হোটেল আবার প্রস্তুত করা হবে বলে মন্ত্রী জানিয়েছেন।

এই মুহূর্তে প্রবাসীদের বিদেশ থেকে দেশে না আসার আহ্বান জানিয়ে স্বাস্থ্যমন্ত্রী বলেন, বিশেষ করে আফ্রিকার দেশগুলোতে যারা আছেন, অনুরোধ, আপনারা স্ব-স্ব কর্মস্থলে অবস্থান করুন। কারণ একসঙ্গে যদি আফ্রিকা থেকেই ২০ থেকে ৩০ হাজার লোক দেশে চলে আসেন, আমরা কিন্তু সবাইকে কোয়ারেন্টিনের ব্যবস্থা করতে পারবো না। সব হোটেল নিলেও ১০ থেকে ১৫ হাজারের বেশি লোকের জায়গা দেয়া যাবে না।

মঙ্গলবার স্বাস্থ্য মন্ত্রণালয়ে করোনা সংক্রান্ত সমন্বয় কমিটির বৈঠক শেষে স্বাস্থ্যমন্ত্রী জানিয়েছিলেন, গত এক মাসে আফ্রিকা থেকে ২৪০জন বাংলাদেশি দেশে এসেছেন। তাদের খোঁজ পাওয়া যাচ্ছে না। মোবাইল ফোন বন্ধ করে রেখেছেন। এমন অবস্থায় আফ্রিকা ফেরত কিছু প্রবাসীকে চিহ্নিত করেছে স্থানীয় প্রশাসন। সতর্কতার অংশ হিসেবে

ব্রাহ্মণবাড়িয়া ও সুনামগঞ্জে আফ্রিকা ফেরত কয়েকজন প্রবাসীর বাড়িতে লাল পতাকা লাগিয়ে দেয়া হয়েছে প্রশাসনের তরফে। (ভোয়া:২২০০ঘ. ০২.১২.২০২১ মোতালেব)

**বাংলায় লেখার কারণে মন্ত্রীর চেক ফেরত ; মোস্তাফা জব্বারের ক্ষোভ প্রকাশ**

ডিসেম্বর বানান বাংলায় লেখার কারণে একটি ব্যাংক ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী মোস্তাফা জব্বারের চেক ফেরত দিয়েছে। এ নিয়ে ফেসবুকে ক্ষোভ প্রকাশ করেছেন মন্ত্রী।

বৃহস্পতিবার (২ ডিসেম্বর) মন্ত্রী তার ভেরিফায়েড ফেসবুক পেজে এ নিয়ে একটি পোস্ট দেন। সেখানে তিনি লেখেন, "মন চাইছে আত্মহত্যা করি। একটি চেকে আমি ডিসেম্বর বাংলায় লিখেছি বলে কাউন্টার থেকে চেকটি ফেরত দিয়েছে। কোন দেশে আছি?"

এমন পোস্ট করার পর এটি ফেসবুকে ছড়িয়ে পড়ে। এই প্রতিবেদন লেখা পর্যন্ত প্রায় ৪শ বার শেয়ার করা হয়েছে মন্ত্রীর পোস্ট।

এছাড়া অর্ধ শতাধিক মন্তব্য করেছে ফেসবুক ব্যবহারকারীরা। প্রায় ৩ হাজার ২১ ফেসবুক ব্যবহারকারী রিয়্যাক্ট দিয়েছে। ইসরাত জাহান রাখি নামে এক ফেসবুক ব্যবহারকারী মন্তব্যের ঘরে লিখেছেন, ‘স্যার, আপনাকে যদি এতোটা নির্যাতন করে, একবার ভাবুন আমাদের মতো সাধারণ মানুষকে কতটা সহ্য করতে হয়। আপনার প্রতি অনুরোধ থাকল, এসব পরিবর্তন করে দিন।’

মুহাম্মদ আবদুল্লাহ আল নোমান নামে আরেক ফেসবুক ব্যবহারকারী লেখেন, ‘অগ্রহায়ণ ১৪২৮, লিখলে হয়তো জেলে নিতো’।

আতাউর রহমান লেখেন, ‘আপনারা চাইলেই এর সমাধান নিয়ে আসতে পারেন স্যার। বাংলা নিয়ে তো অন্য কোনো মন্ত্রীর তেমন আগ্রহ নেই, যেটা আপনি করেন।’ জাকিয়া আফরোজ মুক্তি নামে একজন লেখেন, ‘সর্বত্র বাংলা ভাষা চালু হোক।’

জি. এম. পানাউল্লাহ লেখেন, ‘ব্যাংকের কাউন্টারে যারা দায়িত্ব পালন করেন তারা ব্যাংকের নীতিমালা ও কার্যপ্রণালীতে প্রশিক্ষিত, এর বাইরের দুনিয়া তাদের অচেনা। খোলনলচে পাল্টে সঠিক পদ্ধতি চালু না করা পর্যন্ত এর ব্যত্যয় হবে না। এটি নীতি নির্ধারণী বিষয়-যেদিকে দ্রুত নজর দেওয়া প্রয়োজন।

শাইখ সিরাজী লেখেছেন, ‘সব অফিসিয়াল কাজে বাংলা ভাষাকে আরো বেশি প্রাধান্য দেওয়ার কঠোর আইনি ব্যবস্থা নিতে হবে আমাদের’।

ইরফান আহম্মেদ শরীফ লেখেন, ‘চেক বাংলায় লিখার নিয়ম করা হোক’। (ভোয়া:২২০০ঘ. ০২.১২.২০২১ মোতালেব)

**অভিবাসী পাঠানোয় ষষ্ঠ স্থানে ; বাংলাদেশ রেমিট্যান্সে অষ্টম : আইএমও প্রতিবেদন**

কোভিড-১৯ এর কারণে বিশ্বব্যাপী চলাচলে নিয়ন্ত্রণ এবং ভ্রমণে নিষেধাজ্ঞা সত্ত্বেও বিপর্যয়, সংঘাত এবং সহিংসতার কারণে অভ্যন্তরীণ বাস্তুচ্যুতি ব্যাপক বেড়েছে। আন্তর্জাতিক অভিবাসন সংস্থার (আইএমও) বিশ্ব অভিবাসন প্রতিবেদন ২০২২-এ তথ্যটি উঠে এসেছে।

বৃহস্পতিবার অভিবাসন বিষয়ক গুরুত্বপূর্ণ প্রতিবেদনটি প্রকাশ করেছে জাতিসংঘের আন্তর্জাতিক অভিবাসন সংস্থা। প্রতিবেদনে গত দুই বছরে বিশ্বব্যাপী অভিবাসন খাতের আদ্যপান্ত তুলে ধরা হয়েছে। বিষয় বিশ্লেষণে বিবেচনায় নেওয়া হয়েছে অভিবাসনের ঐতিহাসিক এবং সমসাময়িক কারণগুলো। প্রতিবেদন অনুযায়ী, বিশ্বে ২০২০ সালে আন্তর্জাতিক অভিবাসীর সংখ্যা ছিল ২৮১ মিলিয়ন বা ২৮ কোটি ১০ লাখ। অভিবাসী পাঠানোতে বাংলাদেশ বিশ্বে ষষ্ঠ এবং রেমিট্যান্স গ্রহণে অষ্টম।

প্রতিবেদন সম্পর্কে আইওএমর মহাপরিচালক আন্তোনিও ভিতোরিনো বলেন, আমরা একটি বৈপরীত্য লক্ষ্য করছি, যা মানব ইতিহাসে আগে দেখা যায়নি। কোভিড-১৯ এর কারণে শত কোটি মানুষ আটকা পড়েছে। তারপরেও লাখ লাখ বাস্তুচ্যুতির ঘটনায় বিপুলসংখ্যক মানুষ গৃহহীন হতে বাধ্য হয়েছেন।

প্রতিবেদন বলছে, বিশ্বব্যাপী আকাশপথে যাত্রী সংখ্যা ৬০ শতাংশ কমেছে। ২০১৯ সালে যাত্রী সংখ্যা ছিল ৪ দশমিক ৫ বিলিয়ন, যা ২০২০ সালে ১ দশমিক ৮ বিলিয়নে দাঁড়িয়েছে। একই সময়ে দুর্যোগ, সংঘাত এবং সহিংসতার ফলে অভ্যন্তরীণ বাস্তুচ্যুতির সংখ্যা বেড়ে হয়েছে ৪০ দশমিক ৫ মিলিয়ন, যা এক বছর আগে ছিল ৩১ দশমিক ৫ মিলিয়ন।

প্রতিবেদনটির সম্পাদক ম্যারি ম্যাকঅলিফ বলেছেন, বিশ্ব অভিবাসন প্রতিবেদন সিরিজের ১১তম সংস্করণটিতে অভিবাসন বিষয়ে সম্প্রতিক তথ্য ও উপাত্ত বিশ্লেষণের মধ্য দিয়ে অভিবাসন প্রবণতা তুলে ধরা হয়েছে। ব্যাখ্যা করা হয়েছে অভিবাসন নীতির নতুন নতুন দিক।

প্রতিবেদন অনুসারে, আন্তর্জাতিক অভিবাসীর সংখ্যা ১৯৭০ সালে বিশ্বব্যাপী ৮৪ মিলিয়ন থেকে ২০২০ সালে ২৮১ মিলিয়নে উন্নীত হয়েছে, যা বিশ্বের মোট জনসংখ্যার ৩.৬ শতাংশ। বিশ্বব্যাপী বেশির ভাগ মানুষই (৯৬.৪ শতাংশ) যে দেশে জন্মগ্রহণ করেন সে দেশেই বসবাস করেন। কোভিড-১৯ এর কারণে ২০২০ সালে আন্তর্জাতিক অভিবাসীর সংখ্যা ২ মিলিয়নের মতো কম ছিল।

বাংলাদেশের ওপর বিশেষ গুরুত্ব দিয়ে প্রতিবেদনে নানা তথ্য-উপাত্ত তুলে ধরা হয়েছে। যেখানে বলা হয়েছে, ২০২০ সালে বিশ্বব্যাপী বসবাস করা বাংলাদেশি অভিবাসীর সংখ্যা ছিল ৭.৪০ মিলিয়ন। বাংলাদেশের বাইরে বসবাস করেও প্রবাসীরা দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন। বিশ্বের বিভিন্ন দেশ থেকে বাংলাদেশি অভিবাসীরা ২০১৯ সালে ১৮ বিলিয়ন মার্কিন ডলারের বেশি দেশে পাঠিয়েছেন, যার মধ্যে ৭৩ শতাংশ প্রবাসী শ্রমিকদের কাছ থেকে এসেছে, যারা গালফ কো-অপারেশন কাউন্সিল (জিসিসি) দেশগুলোতে প্রধানত নিম্ন-দক্ষ শ্রমিক হিসেবে কাজ করেন। এই রেমিট্যান্সগুলো, যা জিডিপির ৬ শতাংশের বেশি এবং দেশের দ্বিতীয় বৃহত্তম বৈদেশিক আয়ের উৎস।

প্রবাসীদের রেমিট্যান্স পাঠানোয় উদ্বুদ্ধ করার জন্য নীতিনির্ধারকদের গৃহীত পদক্ষেপের ফলে এই প্রবৃদ্ধি হয়েছে বলে প্রতিবেদনে বলা হয়েছে। বাংলাদেশ ব্যাংক ২০১৯ সালে নগদ প্রণোদনা স্কিমের সর্বোচ্চ সীমা তিনগুণেরও বেশি বাড়িয়েছে, যার ফলে রেমিট্যান্স সুবিধাভোগীরা আনুষ্ঠানিক পদ্ধতি ব্যবহার করে টাকা পাঠানোর ওপর দুই শতাংশ বোনাস পান ৫,০০০ মার্কিন ডলার পর্যন্ত। এছাড়া, রেমিট্যান্স পাঠানোর উৎসাহ আরও বাড়াতে কিছু বাণিজ্যিক ব্যাংক অতিরিক্ত এক শতাংশ প্রণোদনা দিয়েছে।

আইওএম বাংলাদেশের অফিসার ইন চার্জ ফাতিমা নুসরাত গাজ্জালি বলেন, রেমিট্যান্সের প্রবাহের ওপর কোভিড-১৯ অতিমারির নেতিবাচক প্রভাব সত্ত্বেও ২০২০ সালে ২১ দশমিক ৭৬ বিলিয়ন মার্কিন ডলার রেমিট্যান্স বাংলাদেশের অর্থনীতিতে যুক্ত হয়েছে। অভিবাসন বাংলাদেশের উন্নতির একটি গুরুত্বপূর্ণ অংশ হয়ে উঠেছে। অভিবাসীরা গন্তব্যদেশে উন্নত অর্থনৈতিক, সামাজিক এবং নিরাপত্তা পরিস্থিতির জন্য অভিবাসন করে এবং তারপরে নিজ দেশে জীবনযাত্রার মান বাড়াতে সহায়তা করে। (ভোয়া:২২০০ঘ. ০২.১২.২০২১ মোতালেব)

## আমিন বাজারে ৬ ছাত্র হত্যার রায়ে ১৩জনকে মৃত্যুদণ্ড দিল আদালত

সাভারের আমিন বাজারে ডাকাত সন্দেহে ছয় ছাত্রকে পিটিয়ে হত্যার মামলায় ১৩জনের মৃত্যুদণ্ড ও ১৯জনকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। প্রায় ১০ বছরেরও বেশি সময় পর চাঞ্চল্যকর এ হত্যাকাণ্ডের রায় হলো। বৃহস্পতিবার (২ ডিসেম্বর) ঢাকার দ্বিতীয় অতিরিক্ত জেলা ও দায়রা জজ ইসমত জাহান এই রায় দেন।

মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামিরা হলেন- আবদুল মালেক, সাঈদ মেম্বার, আবদুর রশিদ, ইসমাইল হোসেন রেফু, নিহার ওরফে জমশের আলী, মীর হোসেন, মজিবর রহমান, আনোয়ার হোসেন, রজুর আলী সোহাগ, আলম, রানা ও আ. হামিদ, আসলাম মিয়া।

তাদের প্রত্যেককে মৃত্যুদণ্ডের পাশাপাশি ২০ হাজার টাকা জরিমানা করা হয়। এছাড়া দণ্ডবিধির ২০১/৩৪ ধারায় তাদের সাত বছর করে কারাদণ্ড ১০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরও ছয় মাসের কারাদণ্ড দেন আদালত।

যাবজ্জীবন দণ্ডপ্রাপ্ত আসামিরা হলেন- শাহীন আহমেদ, ফরিদ খান, রাজীব হোসেন, মো. ওয়াসিম, সাত্তার, সেলিম, মনির হোসেন, আলমগীর, মোবারক হোসেন, অখিল খন্দকার, বশির, রুবেল, নূর ইসলাম, শাহাদাত হোসেন রুবেল, টুটুল, মাসুদ, মোখলেছ ও তোতন, সাইফুল।

এছাড়া তাদের প্রত্যেককে ১০ হাজার টাকা জরিমানা অনাদায়ে ছয় মাসের কারাদণ্ড দেওয়া হয়। এছাড়া দণ্ডবিধির ২০১/৩৪ ধারায় তাদের সাত বছর করে কারাদণ্ড ১০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরও ছয় মাসের কারাদণ্ড দেন আদালত। আদালত ২৫ আসামিকে খালাস দেন।

এছাড়া বিচার চলাকালে কবির হোসেন, রাশেদ, পর্বত মারা যাওয়ায় তাদেরকে অত্র মামলার দায় থেকে অব্যাহতি দেওয়া হয়।

গত ২২ নভেম্বর এই মামলায় রাষ্ট্র ও আসামিপক্ষের যুক্তিতর্ক উপস্থাপন শেষ হয়। ওইদিনই রায়র জন্য ২ ডিসেম্বর দিন ধার্য করেন আদালত।

২০১১ সালের ১৭ জুলাই শবে বরাতের রাতে সাভারের আমিনবাজারের বড়দেশী গ্রামের কেবলারচরে ডাকাত সন্দেহে ছয় ছাত্রকে পিটিয়ে হত্যা করা হয়। নিহতরা হলেন ধানমন্ডির ম্যাপললিফ স্কুলের 'এ' লেভেলের ছাত্র শামস রহিম শাম্মাম, মিরপুর সরকারি বাঙলা কলেজের হিসাব বিজ্ঞান বিভাগের স্নাতক দ্বিতীয় বর্ষের ছাত্র ইব্রাহিম খলিল, বাঙলা কলেজের পদার্থবিজ্ঞান বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্র তৌহিদুর রহমান পলাশ, তেজগাঁও কলেজের ব্যবস্থাপনা বিভাগের প্রথম বর্ষের ছাত্র টিপু সুলতান, মিরপুরের বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস অ্যান্ড টেকনোলজির (বিইউবিটি) বিবিএ দ্বিতীয় বর্ষের ছাত্র সিতাব জাবীর মুনিব এবং বাঙলা কলেজের উচ্চ মাধ্যমিক বিজ্ঞান বিভাগের ছাত্র কামরুজ্জামান।

নিহতদের সঙ্গে থাকা বন্ধু আল-আমিন গুরুতর আহত হলেও প্রাণে বেঁচে যান। ওই ঘটনার পর ডাকাতির অভিযোগে আল-আমিনসহ নিহতদের নামে সাভার মডেল থানায় একটি ডাকাতি মামলা করেন স্থানীয় এক বালু ব্যবসায়ী আবদুল মালেক।

এরপর ছাত্র অভিভাবক ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বিরোধিতার মুখে পুলিশ বাদী হয়ে অজ্ঞাত গ্রামবাসীকে আসামি করে সাভার মডেল থানায় আরেকটি মামলা করে। পরে মামলাটি তদন্ত শেষে ২০১৩ সালের ৭ জানুয়ারি র র্যাপিড

অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব) অতিরিক্ত পুলিশ সুপার শরীফ উদ্দিন আহমেদ ঢাকার চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে অভিযোগপত্র জমা দেন।

এ অভিযোগপত্রের পরে মামলাটি বিচারের জন্য এই আদালতে আসে। ২০১৩ সালের ৮ জুলাই ঘটনার সঙ্গে সংশ্লিষ্ট ৬০ আসামির বিরুদ্ধে অভিযোগ গঠন করে আদালত। এ ছাড়া ওই ঘটনায় বেঁচে যাওয়া একমাত্র ভিকটিম আল-আমিনকে একই ঘটনায় করা ডাকাতি মামলা থেকে অব্যাহতি দেওয়া হয়।

হত্যা মামলার ৬০ আসামির মধ্যে ছয়জন পলাতক এবং এছাড়া দুই আসামি মারা যাওয়ায় অব্যাহতি দেওয়া হয়। বাকি ৫২ আসামির একজন বাদে সবাই জামিনে ছিলেন। গত ২২ নভেম্বর তাদের জামিন বাতিল করে কারাগারে পাঠানো হয়েছে।

এ মামলায় ১৪ আসামি ফৌজদারি কার্যবিধির ১৬৪ ধারায় আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন। মামলার বিচারকালে রাষ্ট্রপক্ষে ৫৫ জন সাক্ষীর জবানবন্দি গ্রহণ করেন আদালত। (ভোয়া:২২০০ঘ. ০২.১২.২০২১ মোতালেব)

## বাংলাদেশে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু

বাংলাদেশে এইচএসসি ও সমমান পরীক্ষা বৃহস্পতিবার ২ ডিসেম্বর সকাল ১০ টায় শুরু হয়েছে। ১১টি শিক্ষা বোর্ডের অধীনে এ পরীক্ষায় মোট ১৩ লাখ ৯৯ হাজার ৬৯০ জন শিক্ষার্থী অংশ নিচ্ছে। সুষ্ঠু, নকলমুক্ত ও ইতিবাচক পরিবেশে পরীক্ষা নিতে যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করেছে শিক্ষা বোর্ডগুলো।

এইচএসসিতে পদার্থবিজ্ঞান প্রথমপত্র, আলিমে কোরআন মাজিদ ও কারিগরিতে (ব্যবসা ব্যবস্থাপনা) হিসাববিজ্ঞান নীতি ও প্রয়োগ-২ বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

সাধারণ শিক্ষা বোর্ডগুলোর তত্ত্বীয় বিষয়ে পরীক্ষা ২ ডিসেম্বর শুরু হয়ে ৩০ ডিসেম্বর শেষ হবে। মাদ্রাসা শিক্ষা বোর্ডের তত্ত্বীয় বিষয়ের পরীক্ষা ২ ডিসেম্বর থেকে শুরু হয়ে ১৯ ডিসেম্বর শেষ হবে। আর কারিগরি শিক্ষা বোর্ডের তত্ত্বীয় বিষয়ের পরীক্ষা ২ ডিসেম্বর থেকে শুরু হয়ে ৮ ডিসেম্বর শেষ হবে।

বিদেশের ৮টি কেন্দ্রের মোট পরীক্ষার্থী ৪০৬ জন। এর মধ্যে জেদ্দা ১১৪ জন, রিয়াদে ৭৪ জন, ত্রিপলী ২ জন, দোহা ৭৯ জন, আবুধাবীতে ৩৪ জন, দুবাইতে ২৬ জন, বাহরাইনে ৫৮ জন, ওমানের সাহামে ১৯ জন। পরীক্ষা শেষে এক মাসের মধ্যে ফলাফল প্রকাশিত হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী।

প্রসঙ্গত, প্রতি বছর এপ্রিলের প্রথম সপ্তাহে এ পরীক্ষার আয়োজন করা হলেও করোনাভাইরাস মহামারির কারণে যথাসময়ে এ বছর পরীক্ষা গ্রহণ করা সম্ভব হয়নি। এইচএসসি ও সমমান পরীক্ষার জন্য ৩ জানুয়ারি পর্যন্ত সব কোচিং সেন্টার বন্ধ রাখার নির্দেশনা দেয় শিক্ষা মন্ত্রণালয়। (ভোয়া:২২০০ঘ. ০২.১২.২০২১ মোতালেব)

# রেডিও তেহরান

## ভাড়া বৃদ্ধির নামে যাত্রীদের হয়রানি বন্ধে লিগ্যাল নোটিশ

গণপরিবহনে ইচ্ছামতো ভাড়া আদায় এবং ভাড়া বৃদ্ধির নামে যাত্রী সাধারণকে হেনস্থা ও হয়রানি বন্ধে কার্যকর ব্যবস্থা নিতে লিগ্যাল নোটিশ পাঠানো হয়েছে। আজ সুপ্রিম কোর্টের আইনজীবী অ্যাডভোকেট আবু তালেব এ নোটিশ পাঠান। বিস্তারিত ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধির প্রতিবেদন :

গণপরিবহনে ইচ্ছা-খুশি মতো ভাড়া আদায় এবং ভাড়া বৃদ্ধির নামে যাত্রী সাধারণকে হেনস্থা ও হয়রানি বন্ধে কার্যকর ব্যবস্থা নিতে লিগ্যাল নোটিশ পাঠানো হয়েছে। নোটিশ পাওয়ার ৭ দিনের মধ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ না করলে উচ্চ আদালতে রিট দায়ের করা হবে বলেও জানিয়ে দেয়া হয়েছে। আজ বৃহস্পতিবার সুপ্রিম কোর্টের আইনজীবী অ্যাডভোকেট আবু তালেব সড়ক পরিবহন সচিব, বিআরটিএ চেয়ারম্যান ও বিআইডব্লিউটিএ চেয়ারম্যানকে এ নোটিশ পাঠিয়েছেন। এ নোটিশে দাবি করা হয়েছে, ছাত্র-ছাত্রীদের বাস ও লঞ্চ ভাড়া অর্ধেক নেয়ার সিদ্ধান্ত অনতিবিলম্বে বিজ্ঞাপন আকারে প্রকাশ করতে হবে। সারাদেশে কতগুলো বাস ও লঞ্চ তথা গণপরিবহনের ফিটনেস সার্টিফিকেট আছে ও কতগুলোর নেই- তা দ্রুত জানাতে হবে এবং কত সংখ্যক ড্রাইভারের লাইসেন্স আছে তাও জানাতে হবে।

নোটিশে বলা হয়েছে, যাত্রীদের হয়রানি বন্ধে ঢাকাসহ সারাদেশে যেসব গণপরিবহন পেট্রোল, ডিজেল ও গ্যাসে চলে তা নির্ধারণ করে প্রতিটি গণপরিবহনে বিআরটিএ'র লোগোসহ পরিবহনের সামনে ও পিছনে নেমপ্লেট আকারে সাঁটাতে হবে, যাতে যাত্রীরা বুঝতে পারেন যে, কোন পরিবহনটি গ্যাসে চালিত, আর কোনটি পেট্রোল কিংবা ডিজেলে চালিত। এতে তাদের প্রতারিত হওয়ার সুযোগ কমে যাবে। ঢাকা শহরসহ দেশের সব রুটের স্টপেজ টু স্টপেজের কোথার ভাড়া কতো, তা নির্ধারণ করে প্রচলিত আইন অনুযায়ী সব পরিবহনের মালিক-শ্রমিকদের ভাড়া চার্ট টানানো বাধ্যতামূলক করতে হবে। সুনির্দিষ্ট স্টপেজে সাইনবোর্ড কিংবা ইলেকট্রনিক বিলবোর্ডে সেগুলো লিখে ডিসপ্লে করতে হবে- যাতে যাত্রীরা ভাড়া সম্পর্কে অবগত হতে পারেন।

(রেডিও তেহরান : ২০৩৫ঘ. ০২.১২.২০২১ সোনিয়া ও নারগীস)

## পার্বত্য চট্টগ্রাম এখন এক বড় কারাগার : সন্তু লারমা

পার্বত্য চট্টগ্রামের জনসংহতি সমিতির সভাপতি জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় লারমা ওরফে সন্তু লারমা অভিযোগ করে বলেছেন, চুক্তি বাস্তবায়নে সরকার আন্তরিক নয়। এ সম্পর্কে প্রতিবেদন পাঠিয়েছেন ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধি :

পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তির দুই যুগ পূর্তিতে চুক্তি স্বাক্ষরকারী পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির সভাপতি জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় লারমা ওরফে সন্তু লারমা ক্ষোভ ও হতাশা ব্যক্ত করে বলেছেন, চুক্তি বাস্তবায়নে সরকার আন্তরিক নয়। উল্টো তারা দমন-নিপীড়নের পথ বেছে নিয়েছে। আজ বৃহস্পতিবার পার্বত্য চট্টগ্রাম চুক্তির দুই যুগ পূর্তি উপলক্ষ্যে রাজধানীর আগারগাঁওয়ে মুক্তিযুদ্ধ জাদুঘর মিলনায়তনে জেএসএস ও বাংলাদেশ আদিবাসী ফোরাম আয়োজিত অনুষ্ঠানে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের চেয়ারম্যান সন্তু লারমা ক্ষোভের সাথে বলেন, চুক্তি বাস্তবায়ন বাদ দিয়ে সরকার দমন-পীড়নের পথ বেছে নিয়েছে। জেএসএস কর্মীদের একের পর এক মামলায় জড়ানো হচ্ছে।

পার্বত্য শান্তি বাহিনীর সাবেক এ গেরিলা নেতা বলেন, পাহাড়ের মানুষের উপর যে নির্যাতন ও দমন-পীড়ন চলছে, তা বর্ণনাতীত। বাইরে থেকে দেখে কিছুই বোঝা যাবে না। কিন্তু পাহাড়ে গেলে বোঝা যাবে, পাহাড়ি মানুষদের কষ্ট-বেদনার কথা।

Commented [t1]:

সন্তু লারমা বলেন, পার্বত্য চট্টগ্রাম এখন এক বড় কারাগার। সেখানে হাজতিরা আজ যেমন করে থাকে, তেমন করে আছে পাহাড়ের মানুষ।

সাবেক এই সশস্ত্র যোদ্ধা বলেন, পাহাড় অশান্ত থাকলে বাংলাদেশের উন্নয়ন ত্বরান্বিত হবে না। কাউকে কষ্টে রেখে ভালো থাকা যায় না। সরকারের প্রতি পার্বত্য চট্টগ্রাম চুক্তি বাস্তবায়ন করার দাবি আবারও জানান সন্তু লারমা। সন্তু লারমা বলেন, পার্বত্য চট্টগ্রাম সমস্যা একটা বড় সমস্যা ছিল। সেই সমস্যা সমাধানে আমি সরকারকে সহযোগিতা করেছি। রাষ্ট্রের নাগরিক হিসেবে আমি সেই সহযোগিতা দিয়েছি। কিন্তু আজ চুক্তির ২৪ বছর পর মনে হচ্ছে, চুক্তি করে আমি অপরাধ করেছি। আমাকে এবং জেএসএসকে এখন সন্ত্রাসী হিসেবে চিহ্নিত করা হচ্ছে। সন্তু লারমা আরো অভিযোগ করেন, স্বাধীনতার জন্য নয়, শুধু অধিকার রক্ষার লড়াইয়ের জন্য আমরা করেছিলাম কিন্তু এরপর আমরা চুক্তি করেছি। আমাদের যদি অসৎ উদ্দেশ্য থাকত, তাহলে চুক্তি করতাম না। কিন্তু সেই চুক্তি বাস্তবায়ন না করে আজ পদে পদে পাহাড়ি জনগোষ্ঠীকে চরম বিপদের দিকে ঠেলে দেয়া হচ্ছে।

এ প্রসঙ্গে পার্বত্য চট্টগ্রাম বিষয়কমন্ত্রী বীর বাহাদুর দোষারোপের পথ ছেড়ে সংশ্লিষ্ট সকল পক্ষকে আন্তরিকতার সাথে চুক্তি বাস্তবায়ন করার আহ্বান জানান, (স্বকণ্ঠে): "মান অভিমান, দোষ দেয়া-দেয়ী না করে আমরা যদি নিজেদের মধ্য মিলে মিশে কাজ করি, তাহলে চুক্তি বাস্তবায়ন আরো ত্বরান্বিত হবে।"

পার্বত্য শান্তি চুক্তির অন্যতম নেপথ্য নায়ক ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেনন বলেন, পার্বত্য চট্টগ্রাম চুক্তির এই দিবস আনন্দের উৎস হতে পারত। কিন্তু এ দিবসে কাউকে অভিনন্দন জানানো যাচ্ছে না। চুক্তির বাস্তবায়নের করুণ হাল এর জন্য দায়ী।

এদিকে রাজধানীতে আজ আলোচনা অনুষ্ঠানে বর্ষীয়ান রাজনীতিবীদ পঙ্কজ ভট্টাচার্জ বলেছেন, পার্বত্য চট্টগ্রাম চুক্তি আজ বিপন্ন এবং বিপন্ন বাংলাদেশের মুক্তিযুদ্ধ। চুক্তি বাস্তবায়ন না করে প্রতারণার আশ্রয় নেয়া হয়েছে। এটা অত্যন্ত লজ্জার কথা। (রেডিও তেহরান : ২০৩৫ঘ. ০২.১২.২০২১ সোনিয়া ও নারগীস)

## বেগম খালেদা জিয়ার কোনো ক্ষতি হলে এ দেশের জনগণ সরকারকে রেহাই দেবে না

আবারও বেগম খালেদা জিয়ার সুচিকিৎসার জন্য বিদেশে পাঠানোর দাবি করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেছেন, খালেদা জিয়াকে বাইরে পাঠানো এ সরকারের জন্য দরকার কারণ তার যদি কোনো ক্ষতি হয়, এ দেশের জনগণ সরকারকে রেহাই দেবে না। আজ বিকেলে রাজধানীর প্রেস ক্লাবের সামনে এসব কথা বলেন মির্জা ফখরুল। বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার নিঃশর্ত মুক্তি ও বিদেশে উন্নত চিকিৎসার দাবিতে জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা দল এ মানববন্ধনের আয়োজন করে। মির্জা ফখরুল বলেন, গত সাড়ে তিন বছর কারাগারে থেকে খালেদা জিয়া এখন মৃত্যুর সঙ্গে লড়াই করছেন। তিনি তিনবারের প্রধানমন্ত্রী ও দুইবারের বিরোধী দলীয় নেত্রী। দেশের ১৬ কোটি মানুষ তার জন্য রোজা করছে, দোয়া করছে। অথচ তাকে চিকিৎসার জন্য বাইরে যেতে দেয়া হচ্ছে না। (রেডিও তেহরান : ২০৩৫ঘ. ০২.১২.২০২১ সোনিয়া ও নারগীস)

# এনএইচকে

## ওমিক্রন নিয়ে তথ্য সংগ্রহ করছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা

বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রধান তেদ্রোস আদহানোম ঘেব্রেইসাস বলেছেন, বিশেষজ্ঞরা করোনাভাইরাসের ওমিক্রন ধরন নিয়ে গবেষণা অব্যাহত রেখেছেন এবং সকল দেশে উচ্চ-ঝুঁকিপূর্ণ লোকজনকে টিকা দেয়ার আহ্বান তিনি জানিয়েছেন। সংস্থার মহাপরিচালক বুধবার এক সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন। নতুন দেখা দেয়া ভাইরাসের এই ধরনকে বিশ্ব

স্বাস্থ্য সংস্থা গত শুক্রবার "উদ্বেগজনক ধরন" হিসেবে আখ্যায়িত করে। তিনি বলেছেন, এই ধরন সম্পর্কে সংস্থা এখন জানার চেষ্টা করলেও সংক্রমণে এর প্রতিক্রিয়া রোগ কতটা মারাত্মক এবং পরীক্ষার কার্যকারিতা, চিকিৎসা ও টিকা সম্পর্কে এখনও অনেক কিছু জানার রয়ে গেছে।

তেদ্রোস বলেছেন, বিশ্বজুড়ে বিশেষজ্ঞরা এসব প্রশ্নের উত্তর খুঁজে পাওয়ার জন্য ইতোমধ্যে চলে আসা বিভিন্ন প্রমাণের মূল্যায়ন করে দেখছেন। বৃদ্ধসহ উঁচুমাত্রার ঝুঁকিপূর্ণ হিসেবে গণ্য লোকজনকে দ্রুত টিকা দেয়া এবং উন্নয়নশীল দেশের জন্য টিকার ব্যবস্থা করে দেয়ার আহ্বান রাষ্ট্রসমূহের প্রতি তিনি জানান। করোনাভাইরাস মোকাবিলায় বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রযুক্তিগত বিভাগের প্রধান মারিয়া ভ্যান কেরখোভ বলেছেন, কয়েক সপ্তাহ নয়, বরং কয়েক দিনের মধ্যে সংস্থা সংক্রমণের বিস্তার সম্পর্কে আরো বেশি তথ্য পাওয়া প্রত্যাশা করছে।

(এনএইচকে ওয়েব পেজ : ১৭০০ ঘ. ০২.১২.২০২১ সোনিয়া ও নারগীস)

## ডয়চে ভেলে

### ছয় শিক্ষার্থী হত্যার ১৩ আসামির মৃত্যুদণ্ড

রাজধানীর আমিন বাজারে দশ বছর আগে ডাকাত সন্দেহে ছয় ছাত্রকে পিটিয়ে হত্যা করা হয়। সেই মামলার আসামিদের ১৩জনকে মৃত্যুদণ্ড এবং ১৯জনকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। বৃহস্পতিবার আলোচিত এ মামলার রায় ঘোষণা করেন ঢাকার দ্বিতীয় অতিরিক্ত জেলা ও দায়রা জজ ইসমত জাহান। ডয়চে ভেলের কনটেন্ট পার্টনার বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম জানায়, এ মামলায় অভিযুক্ত ৬০ আসামির মধ্যে তিনজন বিচার চলাকালেই মারা যান। বাকি ৫৭ জনের মধ্যে ১৩জনকে সর্বোচ্চ সাজার আদেশ দিয়েছেন বিচারক। তাদের সবাইকে ২০ হাজার টাকা করে জরিমানাও করা হয়েছে। অন্য একটি ধারায় এই ১৩জনকে আরো ৭ বছরের কারাদণ্ড এবং ১০ হাজার টাকার অর্থদণ্ড, অনাদায়ে আরো ছয় মাসের কারাদণ্ড দেয়া হয়েছে।

আসামিদের মধ্যে ১৯জনকে যাবজ্জীবন কারাদণ্ড এবং ১০ হাজার টাকা অর্থদণ্ড দিয়েছেন বিচারক। অন্য একটি ধারায় তাদের ৭ বছরের কারাদণ্ড এবং ১০ হাজার টাকার অর্থদণ্ড, অনাদায়ে আরো ছয় মাসের কারাদণ্ড দেয়া হয়েছে রায়ে। হত্যাকাণ্ডের সঙ্গে সম্পৃক্ততা প্রমাণিত না হওয়ায় মামলার বাকি ২৫ আসামিকে বেকসুর খালাস দিয়েছেন আদালত।

২০১১ সালে আমিন বাজারের বড়দেশী গ্রামে ছয়জনকে পিটিয়ে হত্যার ঘটনা পুরো দেশকে স্তম্ভিত করে দেয়। পুলিশের অভিযোগপত্র পেয়ে ২০১৩ সালে অভিযোগ গঠনের মধ্যদিয়ে ৬০ আসামির বিচার শুরু হয়। সাক্ষ্য আর যুক্তিতর্ক শেষ করে মামলাটি রায়ের পর্যায়ে আসতে ৮ বছর লেগে যায়। গত ২২ নভেম্বর রায়ের দিন ঠিক করে দেন বিচারক।

জামিনে থাকা ৪২ আসামির জামিন বাতিল করে সেদিন তাদের কারাগারে পাঠানোর আদেশ দেন আদালত। বাকি ১৬ আসামিকে পলাতক দেখিয়ে মামলার বিচার কাজ চলে।

ঢাকার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সাত তরুণ ২০১১ সালের ১৭ জুলাই শবে বরাতের রাতে আমিন বাজারের বড়দেশী গ্রামের কেবলার চরে বেড়াতে যান। স্থানীয় কিছু লোক তাদের ডাকাত ভেবে পিটিয়ে ও কুপিয়ে জখম করে। ঘটনায় একজন প্রাণে বেঁচে গেলেও ছয়জন মারা যান। হামলায় নিহত ছয় শিক্ষার্থী হলেন, ধানমণ্ডির ম্যাপললিফ স্কুলের 'এ' লেভেলের ছাত্র শামস রহিম শাম্মাম, মিরপুর সরকারি বাঙলা কলেজের হিসাব বিজ্ঞান বিভাগের স্নাতক দ্বিতীয় বর্ষের ইব্রাহিম খলিল, বাঙলা কলেজের পদার্থ বিজ্ঞান বিভাগের দ্বিতীয়বর্ষের তৌহিদুর রহমান পলাশ, তেজগাঁও কলেজের ব্যবস্থাপনা বিভাগের প্রথমবর্ষের টিপু সুলতান, মিরপুরে বাংলাদেশ ইউনিভার্সিটি অফ বিজনেস অ্যান্ড টেকনোলজির (বিইউবিটি) বিবিএ দ্বিতীয় বর্ষের সিতাব জাবীর মুনিব এবং বাঙলা কলেজের উচ্চ মাধ্যমিকের ছাত্র কামরুজ্জামান।

হামলায় গুরুতর আহত হলেও প্রাণে বেঁচে যান আল-আমিন। পরে তার কাছ থেকে সেই ভয়াবহ রাতের ঘটনা সম্পর্কে বিস্তারিত জানা যায়। ওই হত্যাকাণ্ডের পর সাভার থানা পুলিশ একটি মামলা করে, যাতে অজ্ঞাতপরিচয় গ্রামবাসীদের আসামি করেন ওই থানার উপ-পরিদর্শক আনোয়ার হোসেন।

অন্যদিকে ডাকাতির অভিযোগ এনে আল-আমিন এবং তার নিহত ছয় বন্ধুর নামে একটি মামলা করেন স্থানীয় বালু ব্যবসায়ী মালেক। পরে আলোচিত ঘটনার বিচার বিভাগীয় তদন্তে বেরিয়ে আসে নিহত ছাত্ররা ডাকাত ছিল না এবং হত্যা রুখতে পুলিশ যথাযথ ভূমিকা পালন করেনি। পুলিশের চূড়ান্ত প্রতিবেদনে মালেকের অভিযোগের কোনো প্রমাণ পাওয়া যায়নি। মিথ্যা মামলা দায়েরের অভিযোগে মালেকের বিরুদ্ধে মামলা করারও নির্দেশ দেন আদালত। ছয় ছাত্রকে হত্যা মামলার তদন্তভার থানা পুলিশের হাত থেকে সিআইডি এবং পরে আদালতের নির্দেশে র‍্যাবের হাতে যায়।

র‍্যাবের সহকারী পরিচালক অতিরিক্ত পুলিশ সুপার শরীফ উদ্দিন ২০১৩ সালের ১৩ জানুয়ারি শিক্ষার্থীদের বিরুদ্ধে ডাকাতির মামলাকারী মালেকসহ ৬০জনকে আসামি করে ঢাকার মুখ্য বিচারিক হাকিমের আদালতে অভিযোগপত্র দেন।

সে বছরের ৮ জুলাই ঢাকার দ্বিতীয় অতিরিক্ত দায়রা জজ মো. হেলালউদ্দিন আসামিদের বিরুদ্ধে অভিযোগ গঠন করে বিচার শুরুর আদেশ দেন। বেঁচে যাওয়া একমাত্র ভিকটিম আল-আমিনকে ডাকাতির মামলা থেকে সেদিনই অব্যাহতি দেয়া হয়।

তদন্ত চলাকালে আসামিদের ১৪জন ফৌজদারি কার্যবিধির ১৬৪ ধারায় আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছিলেন। মামলার বিচারকালে রাষ্ট্রপক্ষে ৫৫জনের সাক্ষ্য নেয়া হয় বলে রাষ্ট্রপক্ষের আইনজীবী শাকিলা জিয়াসমিন মিতু জানান। (ডয়চে ভেলে, ডি ডব্লিউ ওয়েব পেজ : ১৮০০ ঘ. ০২.১২.২০২১ সোনিয়া ও নারগীস)

## রেডিও এবিসি

### আলিশা মার্ট তাদের দাপ্তরিক কার্যক্রম বন্ধ ঘোষণা করেছে

ই-কমার্স প্রতিষ্ঠান আলিশা মার্ট তাদের দাপ্তরিক কার্যক্রম বন্ধ ঘোষণা করেছে। প্রতিষ্ঠানটি জানিয়েছে, পর্যাপ্ত নিরাপত্তাজনিত কারণে তারা এই সিদ্ধান্ত নিয়েছে। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত কার্যক্রম বন্ধ থাকবে বলে জানানো হয়েছে। বুধবার রাত সাড়ে ১২টার পর আলিশা মার্টের ফেইসবুক পেইজে এক ঘোষণায় বলা হয়, অনাকাঙ্ক্ষিত ও নিরাপত্তাজনিত কারণবশত আলিশা মার্টের সমস্ত অফিসিয়াল কার্যক্রম আজ থেকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বন্ধ থাকবে। (রেডিও এবিসি : ১৫০০ ঘ. ০২.১২.২০২১ প্রতীক ও নারগীস)

### ফোর্বসের থার্টি আন্ডার থার্টিতে জায়গা করে নিয়েছেন বাংলাদেশের বাশিমা ইসলাম

যুক্তরাষ্ট্রের সাময়িকী ফোর্বসের থার্টি আন্ডার থার্টিতে জায়গা করে নিয়েছেন বাংলাদেশের বাশিমা ইসলাম। বুধবার এই তালিকাটি প্রকাশ করে ফোর্বস। এতে বিজ্ঞান ক্যাটাগরিতে স্থান পেয়েছেন বাশিমা। ফোর্বস প্রতি বছর ২০টি ক্যাটাগরিতে ৩০ বছরের কম বয়সী ৩০জন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম প্রকাশ করে।
(রেডিও এবিসি : ১৫০০ ঘ. ০২.১২.২০২১ প্রতীক ও নারগীস)

### যুক্তরাষ্ট্রে প্রথমবার করোনার নতুন ধরন ওমিক্রন আক্রান্ত রোগী সনাক্ত

যুক্তরাষ্ট্রে প্রথমবার করোনার নতুন ধরন ওমিক্রন আক্রান্ত রোগী সনাক্ত হয়েছে। দেশটির শীর্ষ সংক্রামক রোগ বিশেষজ্ঞ অ্যান্টোনিও ফাউচি এই তথ্য নিশ্চিত করেছেন। হোয়াইট হাউজে সংবাদ সম্মেলনে তিনি জানান, ওই ব্যক্তি ২২ নভেম্বর দক্ষিণ আফ্রিকায় যান। ২৯ নভেম্বর তিনি কোভিড পজিটিভ হন। তিনি ক্যালিফোর্নিয়ার বাসিন্দা।
(রেডিও এবিসি : ১৫০০ ঘ. ০২.১২.২০২১ প্রতীক ও নারগীস)

### করোনাভাইরাস সত্যিই সীমান্তহীন : জাতিসংঘ মহাসচিব

জাতিসংঘের মহাসচিব অ্যান্টনিও গুতেরেস বলেছেন, করোনাভাইরাস সত্যিই সীমান্তহীন। করোনার নতুন ধরন ওমিক্রমনের বিস্তার ঠেকাতে সুনির্দিষ্ট দেশ ও অঞ্চলকে নিশানা করে ভ্রমণ নিষেধাজ্ঞা জারির সমালোচনা করেছেন তিনি। ভ্রমণ নিষেধাজ্ঞা জারির বিষয়কে অন্যায় এবং অকার্যকর বলেও অভিহিত করেন তিনি।
(রেডিও এবিসি : ১৫০০ ঘ. ০২.১২.২০২১ প্রতীক ও নারগীস)

### সারাদেশে আগামী তিনদিন বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে

সারাদেশে আগামী তিনদিন বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। আজ বৃহস্পতিবার আবহাওয়ার পূর্বাভাসে এই তথ্য জানিয়ে বলা হয়, মধ্য আন্দামান সাগর এবং তৎসংলগ্ন এলাকায় লঘুচাপ তৈরি হয়েছে। এটি বর্তমানে দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন আন্দামান সাগর এলাকায় অবস্থান করছে।
(রেডিও এবিসি : ১৮০০ ঘ. ০২.১২.২০২১ প্রতীক ও নারগীস)

### শবনম জাহানকে ব্যবস্থাপনা বিভাগের সহযোগী অধ্যাপক হিসেবে পুনর্বহাল করতে হাইকোর্টের নির্দেশ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক শবনম জাহানকে সব সুযোগ-সুবিধাসহ ব্যবস্থাপনা বিভাগের সহযোগী অধ্যাপক হিসেবে পুনর্বহাল করতে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। এক রিটের চূড়ান্ত শুনানি নিয়ে বৃহস্পতিবার হাইকোর্টের একটি দ্বৈত বেঞ্চ এই রায় দেন। (রেডিও এবিসি : ১৮০০ ঘ. ০২.১২.২০২১ প্রতীক ও নারগীস)

### আইন-আদালতের প্রতি বিএনপির আস্থা নেই : ওবায়দুল কাদের

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, আইন-আদালতের প্রতি আস্থা নেই বলেই বিএনপি নেতারা খালেদা জিয়ার বিদেশে যাওয়ার বিষয়ে আইন কোনো বাধা নয়, বাধা হচ্ছে সরকার বলে বক্তব্য দিয়ে যাচ্ছেন। বৃহস্পতিবার তার সরকারি বাসভবনে বিএনপি নেতাদের বিভিন্ন বক্তব্যের জবাবে তিনি একথা বলেন।
(রেডিও এবিসি : ১৮০০ ঘ. ০২.১২.২০২১ প্রতীক ও নারগীস)

## রেডিও টুডে

### ভারতের উড়িষ্যা ও অন্ধ্র প্রদেশের উপকূলের দিকে ধেয়ে আসছে ঘূর্ণিঝড় জাওয়াদ

ভারতের দক্ষিণ উড়িষ্যা উত্তর অন্ধ্র প্রদেশের উপকূলের দিকে ধেয়ে আসছে ঘূর্ণিঝড় জাওয়াদ। শনিবার ভোরে ঘূর্ণিঝড়টি উপকূলে আছড়ে পড়তে পারে। এর প্রভাবে কলকাতাসহ আশেপাশের কয়েক জেলায় হালকা থেকে ভারী বৃষ্টিপাত হতে পারে। পশ্চিমবঙ্গের কলকাতার আলিপুর আবহাওয়া দপ্তর জানায়, ঘূর্ণিঝড় জাওয়াদের কারণে

পশ্চিমবঙ্গের উপর দিয়ে ৪০-৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এরই মধ্যে ভারতের রেল কর্তৃপক্ষ ৫৩টি রেল যাত্রা বাতিল করেছে। (রেডিও টুডে : ০৮৪৫ ঘ. ০৩.১২.২০২১ আসাদ ও নারগীস)

**ভারতে অনুষ্ঠিত ত্রিদলীয় একটি টুর্নামেন্টের ফাইনালে উঠেছে বাংলাদেশের যুবারা**

আসন্ন অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপের প্রস্তুতি হিসেবে ত্রিদলীয় একটি টুর্নামেন্ট খেলতে বর্তমানে ভারতে অবস্থান করছে বাংলাদেশের অনূর্ধ্ব-১৯ দল। এই সফরে ভারতের অনূর্ধ্ব-১৯ 'এ' দল এবং ভারতের অনূর্ধ্ব-১৯ 'বি' দলের বিপক্ষে নিজেদের টানা তিন ম্যাচে জয় পেয়েছে টাইগার যুবারা। এতে টুর্নামেন্টের ফাইনাল নিশ্চিত করেছে লাল-সবুজের প্রতিনিধিত্বকারীরা। অনূর্ধ্ব-১৯ দলের হয়ে ব্যট হাতে আলো ছড়াচ্ছেন বিশ্বকাপ জয়ী অনূর্ধ্ব-১৯ দলের সদস্য প্রান্তিক নওরোজ নাবিল। আগের দিন সেঞ্চুরি করার পর বৃহস্পতিবার ভারত অনূর্ধ্ব-১৯ 'এ' দলের বিপক্ষে অর্ধশতক হাঁকিয়েছেন তিনি। সঙ্গে মাফিজুল ইসলামের ফিফটিতে কলকাতার ইডেন গার্ডেন্সে অনুষ্ঠিত ম্যাচে ছয় রানে রোমাঞ্চকর ম্যাচে জয় পেয়েছে বাংলাদেশ। (রেডিও টুডে : ০৮৪৫ ঘ. ০৩.১২.২০২১ আসাদ ও নারগীস)

**আফ্রিকায় বিমান বাংলাদেশ এয়ার লাইন্সের কোনো ফ্লাইট চলাচল করে না : পরাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ডক্টর এ কে আব্দুল মোমেন বলেছেন, আফ্রিকায় বিমান বাংলাদেশ এয়ার লাইন্সের কোনো ফ্লাইট চলাচল করে না। তবে অন্য কোনো এয়ার লাইন্সে দেশটি থেকে যারা আসবে, তাদেরকে বোর্ডিং পাস দেয়া হবে না। বিকেলে সিলেটের সালুটিকর এলাকায় কেএম ফাউন্ডেশনের আরফান ভিলেজের উদ্বোধনকালে ওমিক্রন সতর্কতা বিষয়ে এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, আফ্রিকার আশেপাশের দেশগুলোতে যারা আছেন, তাদের এখন দেশে আসতে নিরুৎসাহিত করার জন্য সবগুলো মিশনকে বলে দেয়া হয়েছে। যাদের করোনার দুই ডোজ টিকা ও করোনার টেস্ট রিপোর্ট নেগেটিভ তাদেরকে ১৪ দিন প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে থাকতে হবে বলেও জানান পরাষ্ট্রমন্ত্রী।
(রেডিও টুডে : ২৩৪৫ ঘ. ০২.১২.২০২১ আসাদ ও নারগীস)

**সরকারের প্রয়োজনে বেগম জিয়াকে বিদেশে পাঠানোর দরকার : মির্জা ফখরুল**

আবারও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে উন্নত চিকিৎসার জন্য বিদেশে পাঠানোর দাবি জানিয়েছেন দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেছেন, সরকারের প্রয়োজনে বেগম জিয়াকে বিদেশে পাঠানোর দরকার। কারণ তার যদি কোনো ক্ষতি হয়, তাহলে দেশের জনগণ সরকারকে রেহাই দেবে না। খালেদা জিয়ার নিঃশর্ত মুক্তি ও বিদেশে উন্নত চিকিৎসার দাবিতে বিকেলে জাতীয় প্রেসক্লাবের সামনে জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা দল আয়োজিত এক মানববন্ধন কর্মসূচিতে এসব কথা বলেন মির্জা ফখরুল।
(রেডিও টুডে : ২৩৪৫ ঘ. ০২.১২.২০২১ আসাদ ও নারগীস)

**সশস্ত্র বাহিনীকে অগ্র সৈনিকের ভূমিকা পালনের আহ্বান প্রধানমন্ত্রীর**

২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধ বাংলাদেশ গড়তে সশস্ত্র বাহিনীকে অগ্র সৈনিকের ভূমিকা পালনের আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিশ্বের সাথে তাল মিলিয়ে প্রতিনিয়তই সশস্ত্র বাহিনীর আধুনিকায়ন করা হচ্ছে বলেও জানিয়েছেন তিনি। সকালে গণভবন থেকে ন্যাশনাল ডিফেন্স কোর্স-২০২১ এবং আর্ম ফোর্সেস ওয়ার কোর্স-২০২১-এর গ্রাজুয়েশন সেরেমনিতে ভার্চুয়ালি যুক্ত হয়ে এসব বলেন সরকার প্রধান।
(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ০২.১২.২০২১ প্রতীক ও নারগীস)

**আমিন বাজারে ছয় ছাত্রকে পিটিয়ে হত্যা মামলায় ১৩জনকে মৃত্যুদণ্ড দিয়েছেন আদালত**

১০ বছর আগে রাজধানীর অদূরে সাভারের আমিন বাজারে ছয় ছাত্রকে পিটিয়ে হত্যা মামলায় ১৩জনকে মৃত্যুদণ্ড দিয়েছেন আদালত। এছাড়া ১৯জনকে দেয়া হয়েছে যাবজ্জীবন কারাদণ্ড। আর খালাস পেয়েছেন ২৫জন। ঢাকা জেলার দ্বিতীয় অতিরিক্ত দায়রা জজ ইসমত জাহান আজ এই রায় ঘোষণা করেন। ২০১১ সালের ১৭ জুলাই শবে বরাতের রাতে সাত বন্ধু ঘুরতে গিয়েছিলেন আমিন বাজারের বড়দেশী গ্রামে। রাত সোয়া ১টার দিকে স্থানীয় কিছু দুর্বৃত্ত তাদের ডাকাত বলে পিটিয়ে ও কুপিয়ে আহত করে। এতে ছয়জন মারা যান আর একজন প্রাণে বেঁচে যান। নিহত ছয় ছাত্র হলেন- শামস রহিম, তৌহিদুর রহমান, ইব্রাহিম খলিল, কামরুজ্জামান, টিপু সুলতান এবং সিতাব জাবির।
(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ০২.১২.২০২১ প্রতীক ও নারগীস)

**গুজব ছড়ালে কঠোর ব্যবস্থা নেয়া হবে : শিক্ষামন্ত্রী**

করোনা সংক্রমণের কারণে দীর্ঘদিন আটকে থাকার পর আজ থেকে শুরু হলো এইচএসসি ও সমমানের পরীক্ষা। বিজ্ঞান বিভাগের পদার্থ বিজ্ঞান প্রথমপত্র পরীক্ষার মধ্যদিয়ে সারাদেশে সকাল ১০টায় এই পরীক্ষা শুরু হয়, যা শেষ হয় বেলা সাড়ে ১১টায়। সংক্ষিপ্ত সিলেবাস অনুযায়ী হতে যাওয়া এই পরীক্ষায় ৯টি সাধারণ শিক্ষা বোর্ড এবং মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ড মিলিয়ে এবার প্রায় ১৪ লাখ শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছেন। এদিকে সকালে রাজধানীর সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ এইচএসসি পরীক্ষার কেন্দ্র পরিদর্শন করেন শিক্ষামন্ত্রী ডাক্তার দীপু মনি। এসময় তিনি

বলেন, প্রশ্ন ফাঁসের সুযোগ নেই, গুজব ছড়ালে কঠোর ব্যবস্থা নেয়া হবে। এসময় শিক্ষামন্ত্রী আরো জানিয়েছেন, ২০২২ সালের এইচএসসি এবং এসএসসি পরীক্ষা ওই বছরের মাঝামাঝি সময় হতে পারে।
(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ০২.১২.২০২১ প্রতীক ও নারগীস)

### পুলিশের বাধার মুখে পড়েছেন নিরাপদ সড়কের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীরা

পূর্ব ঘোষণা অনুযায়ী আজ সীমিত কর্মসূচি পালন করতে গেলে পুলিশের বাধার মুখে পড়েছেন নিরাপদ সড়কের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীরা। আজ দুপুর ১২টার দিকে রাজধানীর রামপুরা ব্রিজের উপর শিক্ষার্থীরা মানববন্ধন করতে গেলে পুলিশ তাদের সরিয়ে দেয়। এ সময় পুলিশের সঙ্গে শিক্ষার্থীদের ধাক্কাধাক্কি হয়। এইচএসসি পরীক্ষার্থীদের কথা বিবেচনা করে শিক্ষার্থীরা নিরাপদ সড়কের দাবিতে চলমান আন্দোলন কর্মসূচি সীমিত করার ঘোষণা দিয়েছিল। আজ দুপুর ১২টা থেকে বেলা ১টা পর্যন্ত সীমিত কর্মসূচি পালন করবেন বলে ঘোষণা দিয়েছিলেন তারা।
(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ০২.১২.২০২১ প্রতীক ও নারগীস)

### ১৯৭১ সালের এই দিনে মুক্তির সংগ্রামে উত্তাল ছিল বাংলার মাটি

১৯৭১ সালের ২ ডিসেম্বর ছিল বৃহস্পতিবার। মুক্তির সংগ্রামে উত্তাল ছিল বাংলার মাটি। এই দিনই মুক্তি বাহিনী ঘোড়াশালে পাকবাহিনীর অবস্থানের উপর চারদিক থেকে আক্রমণ করে ২৭ পাক হানাদারকে হত্যা করতে সক্ষম হয়। এখান থেকে বেশকিছু গোলাবারুদ উদ্ধার করে মুক্তি বাহিনী। আজমপুর রেলস্টেশন মুক্তিবাহিনীর নিয়ন্ত্রণে এলেও পাক বাহিনী তাদের বিপর্যস্ত অবস্থা কাটিয়ে উঠে পাল্টা আক্রমণ করে।
(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ০২.১২.২০২১ প্রতীক ও নারগীস)

### আগামী ৫ থেকে ১২ ডিসেম্বর অনুষ্ঠিত হতে যাচ্ছে নবম জাতীয় এসএমই পণ্য মেলা-২০২১

আগামী ৫ থেকে ১২ ডিসেম্বর শিল্প মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় এবং এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে অনুষ্ঠিত হতে যাচ্ছে নবম জাতীয় এসএমই পণ্য মেলা-২০২১। ৫ ডিসেম্বর সকাল ১০টায় রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ওই মেলার উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এই উপলক্ষ্যে সকালে রাজধানীর আগারগাঁওয়ে এসএমই ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন জানিয়েছেন, শতভাগ দেশি পণ্যের এই মেলায় উদ্যোক্তাদের জন্য ৩২৫টি স্টলের ব্যবস্থা থাকবে। প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত মেলা প্রাঙ্গণ দর্শনার্থীদের জন্য উন্মুক্ত থাকবে। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ০২.১২.২০২১ প্রতীক ও নারগীস)

### ঢাকা উত্তর সিটি করপোরেশনের ময়লার গাড়ির ধাক্কায় আরজু বেগম নামের এক বৃদ্ধা আহত

ঢাকা উত্তর সিটি করপোরেশনের ময়লার গাড়ির ধাক্কায় আরজু বেগম নামের এক বৃদ্ধা আহত হয়েছেন। পুলিশ তাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেছে। আজ সকাল ৮টার দিকে মোহাম্মদপুর বাসস্ট্যান্ডে ময়লার গাড়ির সঙ্গে গার্মেন্টস কর্মী আরজু বেগমের ধাক্কা লাগে। এতে তিনি কোমরে ও হাতে আঘাত পান। পরে পুলিশ আরজু বেগমকে শহীদ সোহরাওয়ার্দী মেডিকেলে নিয়ে ভর্তি করায়। এরই মধ্যে ময়লার গাড়ির চালককে আটক করেছে পুলিশ।
(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ০২.১২.২০২১ প্রতীক ও নারগীস)

### সোহেল ও হরিপদ সাহা হত্যা মামলার প্রধান আসামি শাহ আলম বন্দুকযুদ্ধে নিহত

কুমিল্লায় কাউন্সিলের সৈয়দ মোহাম্মদ সোহেল ও তার সহযোগী হরিপদ সাহা হত্যা মামলার প্রধান আসামি শাহ আলম পুলিশের সঙ্গে বন্দুকযুদ্ধে নিহত হয়েছে। বুধবার রাতে কুমিল্লা সদর উপজেলার চাঁনপুর গোমতী নদীর বেড়িবাঁধ এলাকায় বন্দুকযুদ্ধের এই ঘটনা ঘটে। নিহত শাহ আলম ১৬ ওয়ার্ডের সুজানগর পূর্ব পাড়া এলাকার প্রয়াত জানু মিয়ার ছেলে। তার বিরুদ্ধে একাধিক হত্যা মামলা রয়েছে। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ০২.১২.২০২১ প্রতীক ও নারগীস)

### সাজেকে আগুনে পুড়ে গেছে তিনটি রিসোর্ট

রাঙ্গামাটির পর্যটন কেন্দ্র সাজেকে আগুনে পুড়ে গেছে তিনটি রিসোর্ট। বুধবার দিবাগত রাত সোয়া ৩টার দিকে সূত্রপাত হওয়া এই আগুন নিয়ন্ত্রণ করতে প্রায় আড়াই ঘণ্টা সময় লাগে। রিসোর্টগুলোতে থাকা ৫৬জন পর্যটককে নিরাপদে সরিয়ে নেয়া হয়। স্থানীয় সূত্রে জানা যায়, বুধবার রাতে অবকাশ রিসোর্টের নিচতলা থেকে আগুনের সূত্রপাত হয়। মুহূর্তের মধ্যে আগুন পাশে থাকা মেঘছুট এবং মন্টানা ক্যাফে নামক অন্য দু'টি রিসোর্টেও ছড়িয়ে পড়ে। পাশাপাশি একটি বসত ঘরও আগুনে পুড়ে যায়। পরে খাগড়াছড়ির দীঘিনালা থেকে ফায়ার সার্ভিসের কর্মীরা গিয়ে আইন-শৃঙ্খলা বাহিনীর সহযোগিতায় আগুন নিয়ন্ত্রণে আনে। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ০২.১২.২০২১ প্রতীক ও নারগীস)

### দেশে করোনাভাইরাস সংক্রমণে ২৪ ঘণ্টায় ৩জনের মৃত্যু

দেশে করোনাভাইরাস সংক্রমণে ২৪ ঘণ্টায় ৩জনের মৃত্যু হয়েছে। একই সময়ে নতুন সনাক্ত হয়েছেন ২৬১জন। এর ফলে দেশে করোনায় মোট আক্রান্ত সনাক্ত হয়েছে ১৫ লাখ ৭৬ হাজার ৮২৭জন, যাদের মধ্যে মারা গেছেন ২৭ হাজার ৯৮৬জন। বিকেলে স্বাস্থ্য অধিদফতরের নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এসকল তথ্য জানানো হয়েছে।
(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০২.১২.২০২১ প্রতীক ও নারগীস)

**ওমিক্রন নিয়ে সবাই চিন্তিত তবে সরকার সতর্ক রয়েছে : স্বাস্থ্যমন্ত্রী**

বিমানবন্দরে যাত্রীর সংখ্যা বেশি হলে ল্যাবরেটরির সংখ্যা বাড়ানো হবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। আজ বিকেলে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে দুবাইগামী যাত্রীদের টেস্টিং ফ্যাসিলিটিস পরিদর্শন শেষে তিনি এ কথা বলেন। এ সময় করোনাভাইরাসের নতুন ধরন ওমিক্রন প্রসঙ্গে স্বাস্থ্যমন্ত্রী বলেন, ওমিক্রন নিয়ে সবাই চিন্তিত তবে সরকার সতর্ক রয়েছে। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০২.১২.২০২১ প্রতীক ও নারগীস)

**এলপিজির মূল্য পুনঃনির্ধারণ করেছে বিইআরসি**

দেশে ভোক্তা পর্যায়ে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস এলপিজির মূল্য পুনঃনির্ধারণ করেছে বাংলাদেশ অ্যানার্জি রেগুলেটরি কমিশন, বিইআরসি। বেসরকারি খাতে ১২ কেজি সিলিন্ডারের এলপিজির দাম নির্ধারণ করা হয়েছে ১ হাজার ২৬৮ টাকা। গত মাসে এর দাম বাড়িয়ে করা হয়েছিল ১ হাজার ৩১৩ টাকা। বিইআরসি আজ এক প্রেস বিজ্ঞপ্তিতে জানায়, আন্তর্জাতিক বাজারে এলপিজির দাম কমায় বাংলাদেশ এর দাম সমন্বয় করা হয়েছে। আর এতে করে ১২ কেজি সিলিন্ডারের দাম কমলো ৮৫ টাকা করে। এর আগে গত ৪ নভেম্বর এলপিজির দাম বাড়িয়েছিল বিইআরসি। তখন ১২ কেজি সিলিন্ডারে ৫৪ টাকা দাম বাড়ানো হয়েছিল। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০২.১২.২০২১ প্রতীক ও নারগীস)

**হাফ ভাড়ার সিদ্ধান্তটি বাস্তবায়ন করতে পরিবহন মালিক-শ্রমিকদের প্রতি আহ্বান ওবায়দুল কাদেরের**

আইন এবং আদালতের প্রতি বিএনপি নেতাদের আস্থা নেই বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। আজ সকালে নিজের বাসভবনে বিএনপি নেতাদের বক্তব্যের জবাবে তিনি এ কথা বলেন। এ সময় শিক্ষার্থীদের জন্য হাফ ভাড়ার সিদ্ধান্তটি বাস্তবায়ন করতে পরিবহন মালিক-শ্রমিকদের প্রতি আহ্বান জানান ওবায়দুল কাদের। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০২.১২.২০২১ প্রতীক ও নারগীস)

**বেগম খালেদা জিয়া যাতে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা পান, সরকার সেই ব্যবস্থা করছে : তথ্যমন্ত্রী**

বেগম খালেদা জিয়া যাতে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা পান, সরকার সেই ব্যবস্থা করছে বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী ডক্টর হাছান মাহমুদ। তিনি বলেন, বিএনপি যেভাবে চায় খালেদা জিয়ার চিকিৎসার সেভাবেই হবে। দেশের মেধাবী চিকিৎসকদের সুচিকিৎসায় বেগম জিয়া পুরোপুরি সুস্থ হবেন বলেও আশা প্রকাশ করেন হাছান মাহমুদ। আজ জাতীয় প্রেসক্লাবে ডিএসসিসি মেধাবৃত্তি-২০২১ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তথ্যমন্ত্রী।
(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০২.১২.২০২১ প্রতীক ও নারগীস)

**পাবনার ভাঙ্গুড়ার বড়াল ব্রিজ স্টেশনে একটি মালবাহী ট্রেন লাইনচ্যুত**

পাবনার ভাঙ্গুড়ার বড়াল ব্রিজ স্টেশনে একটি মালবাহী ট্রেন লাইনচ্যুত হয়েছে। আর এতে ঢাকার সঙ্গে উত্তরাঞ্চল, পশ্চিমাঞ্চল এবং দক্ষিণাঞ্চলের রেল যোগাযোগ বন্ধ রয়েছে। আজ বিকেল পৌনে ৪টার দিকে এই ঘটনা ঘটে। বিষয়টি গণমাধ্যমকে নিশ্চিত করেছেন সিরাজগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ শাহ কামাল। সিরাজগঞ্জ জিআরপি থানার উপ-পরিদর্শক মোহাম্মদ আমিরুল ইসলাম জানান, মালবাহী ট্রেনটি সিরাজগঞ্জে মাল খালাস করে দর্শনায় ফেরার পথে পাবনার ভাঙ্গুড়া ব্রিজের কাছে এর দু'টি বগি লাইনচ্যুত হয়ে যায়। এদিকে ঈশ্বরদী স্টেশন থেকে এরই মধ্যে দুর্ঘটনাস্থলে পৌঁছেছে উদ্ধারকারী ট্রেন। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০২.১২.২০২১ প্রতীক ও নারগীস)

**চুক্তি করে কোনো অপরাধ করেছেন কিনা এমন প্রশ্ন সরকারের কাছে রেখেছেন সন্তু লারমা**

পার্বত্য চট্টগ্রাম চুক্তি করে কোনো অপরাধ করেছেন কিনা সরকারের কাছে এমন প্রশ্ন করেছেন পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির সভাপতি সন্তু লারমা। তিনি বলেছেন, পার্বত্য চট্টগ্রাম সমস্যা একটি বড় সমস্যা ছিল। সেই সমস্যা সমাধানে তিনি সরকারকে সহযোগিতা করেছেন। কিন্তু আজ চুক্তি স্বাক্ষরের ২৪ বছর মনে হচ্ছে চুক্তি করে তিনি অপরাধ করেছেন। কারণ তাকে এবং তার সংগঠনকে এখন সন্ত্রাসী হিসেবে চিহ্নিত করা হচ্ছে। পার্বত্য চট্টগ্রাম চুক্তির দুই যুগ পূর্তি উপলক্ষ্যে জেএসএস এবং বাংলাদেশ আদিবাসী ফোরাম রাজধানীর আগারগাঁওয়ে মুক্তিযুদ্ধ জাদুঘর মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে এসব কথা বলেন সন্তু লারমা। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০২.১২.২০২১ প্রতীক ও নারগীস)

**এবার ভারতে মিললো করোনার নতুন ভেরিয়েন্ট ওমিক্রন**

বিশ্বজুড়ে গত ২৪ ঘন্টায় করোনায় দৈনিক মৃত্যু ও সনাক্তের সংখ্যা বেড়েছে। একদিনে সারাবিশ্বে করোনায় আক্রান্ত হয়ে মারা গেছেন ৮ হাজারের বেশি মানুষ। একই সময়ে নতুন আক্রান্ত রোগীর সংখ্যা ছাড়িয়েছে সাড়ে ৬ লাখের ঘর। এ নিয়ে বিশ্বে করোনায় আক্রান্ত রোগীর সংখ্যা বেড়ে হলো ২৬ কোটি ৩৭ লাখ ৯৩ হাজার, যাদের মধ্যে ৫২ লাখ ৪২ হাজার মানুষ মারা গেছেন। এদিকে ভারতের কর্ণাটক রাজ্যে আজ দু'জনের দেহে করোনার নতুন ভেরিয়েন্ট ওমিক্রন সনাক্ত হয়েছে। দেশটিতে ওমিক্রন সনাক্তের ঘটনা এটিই প্রথম। এই তথ্য নিশ্চিত করে নয়াদিল্লির স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, আফ্রিকা ফেরত দু'জনের শরীরে করোনাভাইরাসের নতুন এই ধরনের সন্ধান পাওয়া গেছে। তাদের একজনের বয়স ৬৬, অন্যজনের বয়স ৪৬। আক্রান্ত দুই ব্যক্তির সংস্পর্শে আসা সবাইকে চিহ্নিত এবং পরীক্ষা করা হয়েছে। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০২.১২.২০২১ প্রতীক ও নারগীস)

**অভিবাসী প্রেরণে বাংলাদেশ বিশ্বে ষষ্ঠ এবং রেমিটেন্স গ্রহণে অষ্টম**

করোনার কারণে বিশ্বব্যাপী চলাচল নিয়ন্ত্রণ এবং ভ্রমণ নিষেধাজ্ঞা শর্তেও বিপর্যয়, সংঘাত এবং সহিংসতার কারণে অভ্যন্তরীণ বাস্তুচ্যুতি বেড়েছে। বিশ্বে ২০২০ সালে আন্তর্জাতিক অভিবাসীর সংখ্যা ছিল ২৮ কোটি ১০ লাখ। অভিবাসী প্রেরণে বাংলাদেশ বিশ্বে ষষ্ঠ এবং রেমিটেন্স গ্রহণে অষ্টম। আন্তর্জাতিক অভিবাসন সংস্থার বিশ্ব অভিবাসন প্রতিবেদন ২০২১-এ এই তথ্য উঠে এসেছে। অভিবাসন বিষয়ক সবচেয়ে গুরুত্বপূর্ণ এই প্রতিবেদনটি গতকাল বুধবার প্রকাশ করে জাতিসংঘের এই সংস্থাটি। বাংলাদেশে প্রতিবেদনটি প্রকাশ করা হয় আজ বৃহস্পতিবার।
(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০২.১২.২০২১ প্রতীক ও নারগীস)

**পঞ্চগড়ে বিনামূল্যে চক্ষু সেবার লক্ষ্যে ৫টি চক্ষু শিবিরের আয়োজন করতে যাচ্ছে আই কেয়ার প্রোগ্রাম**

উত্তরাঞ্চলীয় জেলা পঞ্চগড়ে সুবিধা বঞ্চিতদের বিনামূল্যে চক্ষু সেবা প্রদানের লক্ষ্যে ৫টি চক্ষু শিবিরের আয়োজন করতে যাচ্ছে মানবিক সাহায্য সংস্থা আই কেয়ার প্রোগ্রাম। আগামী ৪ ডিসেম্বর থেকে শুরু হতে যাওয়া এই চক্ষু শিবির চলবে ২৮ ডিসেম্বর পর্যন্ত। চক্ষু শিবিরগুলোতে সব ধরনের চক্ষু সেবা প্রদানের পাশাপাশি চোখে ছানি পড়া রোগীদের অপারেশনের ব্যবস্থা করা হবে। এই উদ্যোগে কারিগরি সহায়তা প্রদান করবে সফিউদ্দীন আহমেদ ফাউন্ডেশন হাসপাতাল ঠাকুরগাঁও। নির্দিষ্ট দিনে সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত এই চক্ষু সেবা প্রদান করা হবে।
(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০২.১২.২০২১ প্রতীক ও নারগীস)

**ইইউ'র মধ্যে টিকা বাধ্যতামূলক করার বিষয়ে আলোচনা জরুরি : ইউরোপীয় কমিশন প্রধান**

করোনার নতুন ভেরিয়েন্ট ওমিক্রন প্রতিরোধে ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশগুলোকে টিকা বাধ্যতামূলক করার বিষয়টি বিবেচনার আহ্বান জানিয়েছেন ইউরোপীয় কমিশনের প্রধান উরসুলা ভন ডার লেন। বিবিসির এক প্রতিবেদনে এই খবর জানানো হয়েছে। ব্রাসেলসে এক সংবাদ সম্মেলনে উরসুলা ভন ডার লেন বলেছেন, ইইউ'র মধ্যে টিকা বাধ্যতামূলক করা নিয়ে ঠিক কিভাবে আলোচনা করা যায়, সে বিষয়ে আলোচনা জরুরি। এই ক্ষেত্রে অবশ্যই যৌথ উদ্যোগ প্রয়োজন। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০২.১২.২০২১ প্রতীক ও নারগীস)

# BBC

**SOUTH AFRICA NEW CASES DOUBLE IN 24 HOURS AS OMICRON SPREADS**

Health officials say the new coronavirus variant Omicron has now become dominant in South Africa and is driving a sharp increase in new infections. Some 8,500 new Covid infections were registered in the latest daily figures. That is almost double the 4,300 cases confirmed the previous day. By contrast, daily infections were averaging between 200 and 300 in mid-November, a top South African scientist told the BBC. Omicron has now been detected in at least 24 countries around the world, according to the World Health Organization (WHO). South Africa was the first country to detect the highly mutated new variant. Its National Institute for Communicable Diseases (NICD) has said more than 70% of all the virus genomes it sequenced last month have been of the new variant.
(BBC : 0600 hrs. 03.12.2021 Sonia & Nargis)

**INDIA REPORTS FIRST CASES OF NEW COVID VARIANT OMICRON**

Two men in the southern Indian state of Karnataka have tested positive for the Omicron coronavirus variant after returning from overseas. The men, who are 66 years and 46 years old, are currently under observation, a government spokesperson said. These are the first cases of the new Omicron variant to be reported in India. The World Health Organization (WHO) has warned that Omicron poses a "high infection risk". Officials said all primary contacts and secondary contacts of the two men have been traced and are being tested as well. Six samples from people who tested positive for Covid-19 in the national capital Delhi, and another six samples from the western state of Maharashtra, have all been sent for genome sequencing to determine the variant. Officials are still awaiting results. Several other cities and states are following suit. (BBC : 0600 hrs. 03.12.2021 Sonia & Nargis)

**MERKEL PICKS GERMAN PUNK SINGER HAGEN FOR LAST SERENADE**

Angela Merkel will not leave office as chancellor of Germany until early next week, but on Thursday evening a military ceremony will be held in her honour, and with her choice of music. The ceremonial tattoo, or Grosser Zapfenstreich, is now a tradition for departing political figures. And after her 16 years as leader, the ceremony comes with a marching band and torchlight procession. But what has set German tongues wagging is the music she has chosen. Mrs Merkel is a passionate music lover, but in her words "mostly classical

music", and she's a regular visitor to the Bayreuth Festival, which showcases the work of composer Richard Wagner. So it has come of something of a surprise to find German punk singer Nina Hagen as one of her three musical choices.
(BBC : 0600 hrs. 03.12.2021 Sonia & Nargis)

**MEGHAN WINS RULING IN MAIL ON SUNDAY PRIVACY FIGHT**

The Duchess of Sussex has won the latest stage in her legal fight against the publisher of the Mail on Sunday over a letter she sent to her father. The Court of Appeal rejected Associated Newspapers' attempt to have a trial in the privacy and copyright case. Meghan said it was a win "not just for me, but for anyone who has ever felt scared to stand up for what's right". Associated Newspapers said it was disappointed and was considering a further appeal to the Supreme Court. A judge had previously ruled in favour of Meghan after extracts from the letter appeared in the paper. In a statement issued after the ruling, the duchess urged people to be "brave enough to reshape a tabloid industry that... profits from the lies and pain that they create". (BBC : 0600 hrs. 03.12.2021 Sonia & Nargis)

**LAVROV WARNS OF RETURN TO MILITARY CONFRONTATION NIGHTMARE**

Russian Foreign Minister Sergei Lavrov has warned that Europe could be returning to what he called the "nightmare of military confrontation". At a European security conference in Sweden, Mr Lavrov floated the idea of a new European security pact to try to stop Nato from expanding further east. US Secretary of State Antony Blinken warned of "serious consequences" if Russia sought conflict with Ukraine. The meeting comes as Russia boosts its military near Ukraine's border. Ukraine says Russia has amassed more than 90,000 troops there. Moscow denies it is preparing an attack on Ukraine and accuses Kyiv of its own military build-up. (BBC : 2200+2300 hrs. 02.12.2021 Sonia & Nargis)

**CURIOUS LEOPARD ENTERS CLASSROOM IN INDIA**

A leopard was captured in the northern Indian city of Aligarh after it entered a school and attacked a student. The student, who suffered minor injuries, said he ran out of the classroom when he saw the animal hiding there. The five-year-old leopard was eventually tranquilised and captured after an 11-hour long effort. Officials said the leopard may have strayed into the school from a patch of forest nearby.
(BBC : 2200+2300 hrs. 02.12.2021 Sonia & Nargis)

**FACEBOOK UNCOVERS CHINESE NETWORK BEHIND FAKE EXPERT**

Facebook owner Meta Platforms has removed more than 500 accounts linked to an online disinformation network primarily based in China. The accounts had promoted the claims of a fake Swiss biologist called "Wilson Edwards", who alleged the US was meddling in efforts to find the origins of Covid-19. Edwards' comments had been widely carried by Chinese state media outlets. However, the Swiss embassy said that it was unlikely this person existed. Meta said in its report the social media campaign was "largely unsuccessful," and targeted English-speaking audiences in the United States and Britain and Chinese-speaking audiences in Taiwan, Hong Kong and Tibet.
(BBC : 2200+2300 hrs. 02.12.2021 Sonia & Nargis)

**WTA ANNOUNCES IMMEDIATE SUSPENSION OF TOURNAMENTS IN CHINA**

The Women's Tennis Association has announced the immediate suspension of all tournaments in China amid concern for Chinese tennis player Peng Shuai. Peng, 35, disappeared from public view for three weeks after accusing a top Chinese official of sexual assault. WTA chief Steve Simon said he had "serious doubts" that Peng was "free, safe and not subject to intimidation". "In good conscience, I don't see how I can ask our athletes to compete there," he said. In response, China said it "opposes the politicisation of sports". News of the WTA suspending tournaments in China has been removed from the internet in the country, although the WTA's account on Chinese social media site Weibo is still available. The WTA has repeatedly called for a full investigation into Peng's claims.
(BBC : 2200+2300 hrs. 02.12.2021 Sonia & Nargis)

**::THE END::**